এই প্রবন্ধে রাজা রামমোহন 'দায়ভাগের' প্রকৃত অর্থ, এবং তার সঙ্গে ভারতবর্ষের অন্যান্য প্রদেশে প্রচলিত হিন্দু আইনের বহু বিষয়ে পার্থক্য অতি নিপুণতার সঙ্গে ব্যাখ্যা ক'রে, এ পার্থক্য যে বাঙ্গালী হিন্দুর জাতীয় জীবনেব প্রয়োজন অনুযায়ী গ'ড়ে উঠেছে, ও এ পার্থক্য যে সেই জীবনের অনুকূল তা দেখাতে চেষ্টা ক'রেছেন। এবং স্মৃতিকারদের বচনের 'দায়ভাগে' জীমূতবাহন যে ব্যাখ্যা করেছেন তা ভুল হোক শুদ্ধ হোক কোনও বর্ত্তমান আদালতের যে সে ব্যাখ্যা অগ্রাহ্য করার ক্ষমতা নেই তা পরিষ্কার দেখিয়েছেন। আইনের সঙ্গে জাতীয় জীবনের এই সম্বন্ধ বিচার আজকের দিনে খুব চল্‌তি হয়েছে। কিন্তু রামমোহনের এই পুস্তিকা প্রচারের সময় ইউরোপেও তা ভাল ক'রে আরম্ভ হয় নাই, এবং ইংলণ্ডে প্রায় অজ্ঞাত ছিল। রাজার সমসাময়িক প্রসিদ্ধ ইংরেজ ব্যবহারতত্ত্ববিদ্ Jeremy Bentham প্রচার ক'রেছিলেন যে যে কোনও দেশ তাঁর কাছে আবেদন করলেই তিনি সে দেশের আইন সর্ব্বাঙ্গ-সম্পূর্ণ সূত্রাকারে তৈবী ক'রে দেবেন। অর্থাৎ দেশের ও জাতির আইন যে তার পূর্ব্ব-ইতিহাস ও বর্ত্তমান পারিপার্শ্বিকের সঙ্গে নাড়ীর যোগে যুক্ত, এবং সেই অনুসারে অনেক অংশে গ'ড়ে ওঠে সে ধারণা Benthamএর স্পষ্ট ক'রে ছিল না।

এক বচনের বিভিন্ন ব্যাখ্যায় ভিন্ন ভিন্ন ব্যবহার-বিধির সৃষ্টি যে হিন্দু-আইনের একটা কিছু আশ্চর্য্য বিশেষত্ব নয় তা ইউরোপীয় পাঠকদের ঘরের কথার উদাহরণে রামমোহন প্রথমে বুঝিয়েছেন ;--"An European reader will not be surprised at the differences I allude to, when he observes the discrepancies existing between the Greek, Armenian, Catholic, Protestant, and Baptist Churches, who, though they all appeal to the same authority, materially differ from each other in many practical points, owing to the different interpretations given to the passages of the Bible by the commentators they respectively follow." বাঙ্গালী হিন্দুর বহুকাল প্রচলিত উত্তরাধিকার আইন উল্টে দিলে যে ক্ষতি ও বিভ্রাট ঘটবে সে সম্বন্ধে রামমোহন লিখেছেন,—"The principles of the law as it exists in Bengal having been for ages familiar to the people, and alienations of landed property by sale, gift, mortgage or succession having

been for centuries conducted in reliance on the legality and perpetuity of the system, a sudden change in the most essential part of those rules cannot but be severely felt by the community at large , and alienations being thus subjected to legal contests the courts will be filled with suitors, and ruin must triumph over the welfare of a vast proportion of those who have their chief interest in landed property." এবং এ রকম আইন বদ্‌লান বিচারকের ক্ষমতার সম্পূর্ণ বাইরে,—"We are at a loss to understand how to reconsider this arbitrary change with reason ; because, any being capable of reasoning would not, I think, countenance the investiture, in one person, of the power of legislation with the office of judge. In every civilised country, rules and codes one found proceeding from one authority, and their execution left to another. Experience shows that unchecked power often leads the best men wrong, and produces general mischief." আইন যেখানে অস্পষ্ট সেখানে বিচারক অবশ্য নিজের বুদ্ধি অনুযায়ী তার ব্যাখ্যা করবেন, কিন্তু আইন যেখানে স্পষ্ট সেখান তার নিজের ভাল লাগুক কি মন্দ লাগুক ঐ স্পষ্ট আইন অনুসারেই বিচার ক'রতে হবে,—"A judge, although he is obliged to consult his own understanding, in interpreting the law in many dubious cases submitted to his decision, yet is required to observe strict adherence to the established law, where its language is clear." দায়ভাগের গ্রন্থকার তাঁর পূজ্য অনেক ঋষির বাক্য অগ্রাহ্য ক'রেছেন এই অজুহাতে তার মত অমান্য ক'রে ইংরেজ জজের ঋষি-বাক্য-অনুমান বিচার কার্য্যের প্রস্তাবে উপভোগ্য পরিহাসের সঙ্গে রামমোহন লিখেছেন,—"It is however evident the author of the Dayubhaga gives here an apparent preference to the authority of one party of the saints over that of the other, though both have equal claims upon his reverence. But admitting that a Hindu author, an expounder of their law, sin against some of the sacred writers, by withholding a blind submission to their authority, and likewise that the natives of the country have for ages adhered to the rules he has laid down, considering

them reasonable, and calculated to promote their social interest, though seemingly at variance with some of the sacred authors ; it is those holy personages alone that have a right to avenge themselves upon such expounder and his followers ; but no individual of mere seculer authority, however high, can, I think, justly assume to himself the office of vindicating the sacred fathers, and punishing spiritual insubordination, by introducing into the existing law an over-whelming change in the attempt to restore obedience." প্রবন্ধের উপসংহারে রামমোহন লিখেছেন--"In foregoing pages my endeavour has been to show that the province of Bengal, having its own peculiar language, manners and ceremonies, has long enjoyed also a distinct system of law. That the author of this system has greatly improved on the expositions followed in other provinces of India, and therefore well merits the preference recorded to his exposition by the people of Bengal .....that in following those expositions which best reconcile law with reason, the author of the Bengal system is warranted by the highest sacred authority,.....and that he has been eminently successful in his attempt at so doing, more particularly by unfettering property, and declaring the principle, that the alienator of an hereditary estate is only morally responsible for his acts, so far as they are unnecessary, and tend to deprive his family of the means of support.·····If I have succeeded in this attempt, it follows that any decision founded on a different interpretation of the law.....is not merely retrograding in the social institution of the Hindoo community of Bengal·····but a violation of the charter of justice, by which the administration of the existing law of the people in such matters was secured to the inhabitants of this country."

কৌতূহলী লোকদের কুতূহল নিবৃত্তির জন্য বলা প্রয়োজন হয় এই পুস্তিকা প্রকাশের এক বছর পর, ১৮৩১ খ্রীষ্টাব্দে, বিচারপতি Sir Charles Edward Gray এই প্রশ্ন সংক্রান্ত একটি মোকদ্দমায় সদর দেওয়ানী

আদালতের জজদের মত নিয়ে, তাঁর রায়ে লিখলেন,—I have frequently expressed my opinion on this very point, both in the present, and in other cases within the last two years, but the opinion I am now prepared to retreat." রামমোহন রায়ের যুক্তির প্রতিধ্বনি ক'রে দায়ভাগ ও মিতক্ষরার উত্তরাধিকার প্রকরণের প্রভেদ সম্বন্ধে তিনি বল্‌লেন—"The district of Benares being situated far inland, is more agricultural than Bengal in which is the conflux of all the great rivers with the sea, and where consequently the pursuits of the more wealthy part of the population are of a mercantile character ; consequently there are many important differences between the doctrines of the Benares and the Bengal schools, the latter generally favouring alienation of property, and thereby facilitating mercantile speculations."

কিন্তু প্রাচীন স্মৃতিকারদের কল্পিত ব্যবহারের পরবর্ত্তী নিবন্ধকারদের পরিবর্ত্তন যে সব সময় মঙ্গলকর হয় নি, কোনও কোনও জায়গায় যে তাঁরা পুরাতন ন্যায়-ব্যবস্থার বদলে অর্ব্বাচীন অন্যায়ের প্রতিষ্ঠা করেছেন তা রামমোহনের অজ্ঞাত ছিল না। হিন্দু আইনে স্ত্রীলোকের স্বামী ও পিতার সম্পত্তির উত্তরাধিকার সম্বন্ধে যে এই ব্যাপার ঘটেছে তা পূর্ব্বে উল্লিখিত ১৮২২ খ্রীষ্টাব্দের 'Brief Remarks regarding Modern Encroachments on the Ancient Rights of Females according to the Hindoo Law of Inheritance' নামক সন্দর্ভে রাজা প্রমাণ দিয়ে বিশদ ক'রে দেখিয়েছেন। ঐ সম্পর্কে স্মৃতিকারদের বচন এবং নিবন্ধকারদের ব্যাখ্যা তুলে তিনি দেখিয়েছেন যে স্মৃতিকারেরা যেখানে স্বামী ও পিতার ত্যক্ত সম্পত্তিতে স্ত্রী ও কন্যার ছেলে ও ভাইদের সঙ্গে প্রথম পক্ষে সমান ও দ্বিতীয় পক্ষে এক-চতুর্থ অংশ উত্তরাধিকার স্পষ্ট নির্দ্দেশ করেছিলেন, নিবন্ধকারদের ব্যাখ্যায় তা সম্পূর্ণ, না হয় কার্য্যতঃ রদ হয়েছিল। রামমোহন মত প্রকাশ করেছিলেন যে স্ত্রীলোকের এই উত্তরাধিকারহীনতা হিন্দু সমাজে তার নানা দুরবস্থা এবং কুলীনের বহু-বিবাহ প্রভৃতি নানা কুপ্রথার জন্য অনেকটা দায়ী। এবং তিনি আশা করেছিলেন—"The humane attention of

the Government will be diverted to those evils which are the chief sources of vice and misery and even suicide among women." অভিজ্ঞ লোকেরা জানেন রামমোহনের এ আশা সফল হয় নাই। বরং ইংরেজ আদালতের বিচারে যেখানে মিতাক্ষরা আইনে স্ত্রীলোকের সম্পত্তির উত্তরাধিকার ও সত্ব সম্বন্ধে কতকটা সুব্যবস্থা ছিল তাকেও উপেক্ষা করা হয়েছে।

১৮২২ সালের এই সন্দর্ভ এবং ১৮৩০ সালের পূর্ব্ববর্ণিত পুস্তিকা এই দুইটি এক সঙ্গে নিলে বোঝা যায় যে যেখানে নিবন্ধকারদের হাতে প্রাচীন স্মৃতি পরিবর্ত্তিত হয়ে কালোপযোগী ও ন্যায়োপযোগী হয়েছে, রামমোহন রায় সেখানে নিবন্ধকারদের মত বর্ত্তমান কালে চালানোর পক্ষপাতী ছিলেন। আর যেখানে সে মত পূর্ব্ব স্মৃতির তুলনায় ন্যায়ে ও উপযোগিতায় পিছিয়ে গিয়েছিল, সেখানে নূতন আইন ক'রে হিন্দু আইন পরিবর্ত্তনে তার মত ছিল। বর্ত্তমান যুগেও রামমোহন রায়ের প্রদর্শিত পথ ছাড়া হিন্দু আইনকে কালোপযোগী ক'রে রাখবার অন্য পন্থা নেই।

রামমোহন রায়

শ্রীপ্রমথ চৌধুরী

আজকের দিনে সকলের চোখ রামমোহন রায়ের দিকে পড়েছে, আর সকলের মুখেই তার নাম শোনা যাচ্ছে। অর্থাৎ রামমোহন তাঁর মৃত্যুর একশ' বছর পরে পুনর্জন্ম লাভ করেছেন বাঙ্গালী জাতির মনে।

আমি রামমোহন রায়কে বাঙ্গলার ইংরাজী যুগের অদ্বিতীয় মহাপুরুষ বলে মনে করি—আর আমার বিশ্বাস বাঙ্গালী জাতি গত একশ বছরের ভিতর যে যে ক্ষেত্রে কৃতিত্ব লাভ করেছে, যে সকল ক্ষেত্রেরই পথ প্রদর্শক হচ্ছেন রাজা রামমোহন রায়। আমাদের জড় সমাজের অন্তরে তিনি যে প্রাণসঞ্চার করেছিলেন, সেই প্রাণেই আমরা সকলে প্রাণবন্ত। এই সত্য আমি বহুকাল পূর্ব্বে আবিষ্কার করি, এবং সে কথা আমি পূর্ব্বে স্ব-সমাজকে বারবার স্মরণ করিয়ে দিতেও কুণ্ঠিত হইনি।

সুতরাং রামমোহন রায়ের প্রতি আজ যে সকলে শ্রদ্ধা জ্ঞাপন করতে ব্রতী হয়েছেন, এযে আমার পক্ষে অত্যন্ত আনন্দের বিষয় যে কথা বলাই বাহুল্য।

কিন্তু একথাও অস্বীকার করা যায় না যে যে মহাপুরুষের আবির্ভাবে আমরা আজ নিজেদের এত গৌরবান্বিত মনে করছি, তাঁর কর্ম্মজীবন ও তাঁর বাণীর সঙ্গে আমাদের অধিকাংশ লোকেরই পরিচয় নেই।

এর কারণ কি ?

এর কারণ রামমোহন রায়কে মহাপুরুষ বলে স্বীকার করবার পক্ষে আমাদের সংস্কারাচ্ছন্ন সামাজিক মন অনুকূল ছিল না। আমরা তাঁকে একটি নূতন ধর্ম্ম সম্প্রদায়ের প্রবর্ত্তক হিসাবেই জানতুম, আর ব্রাহ্ম ধর্ম্মের উপর আমাদের অনুরূপ আস্থা ছিল না। তাঁর সমসাময়িক হিন্দুধর্ম্মের সংরক্ষকেরা যে তাঁর ঘোর বিপক্ষতাচরণ করেছিলেন তা'র পরিচয় রামমোহনের লেখাতেই পাওয়া যায়। সেই বিরোধী মনোভাবের রেশ হিন্দু-সমাজের মনে বহুকাল ছিল।

ধরেই নেওয়া যাক্ যে রামমোহন ব্রাহ্মধর্ম্মের প্রবর্ত্তক। তা'হ'লেও আজকের দিনে শিক্ষিত হিন্দুসমাজের উক্ত ধর্ম্মের প্রতি বিরোধের ত কোনও

কারণ নেই। রামমোহনের প্রচারিত ব্রাহ্মধর্ম্ম একটি নূতন ধর্ম্ম নয়—তা' ভারতবর্ষেরই বেদান্তের ধর্ম্ম। আর আজকের দিনে যারা আস্তিক, "বেদান্তেষু যমাশ্রয়েক পুরুষং", তিনিই ত তাঁ'দের ধর্ম্মজ্ঞানের অদ্বিতীয় আশ্রয়। এর প্রমাণ—উপনিষদ্, গীতা ও ব্রহ্মসূত্রের ব্যাখ্যান ও আলোচনায় এযুগের মাসিক-পত্র সব পূর্ণ। আর যাঁ'রা ধর্ম্মসম্বন্ধে উদাসীন, তাঁদের পক্ষে লৌকিক হিন্দুধর্ম্ম ও ব্রাহ্মধর্ম্ম দুই সমান নিরর্থক। সুতরাং রামমোহন রায়ের ধর্ম্মমত এযুগের শিক্ষিত সমাজের মনের প্রতিকূল নয়।

আসল কথা এই যে, রামমোহন রায় কোনও নূতন ধর্ম্ম প্রচার করেন নি, তাঁ'র সমসাময়িক হিন্দুসমাজের প্রচলিত ধর্ম্মকে জ্ঞানের ধর্ম্মে পরিণত করতে চেষ্টা করেছিলেন,—বেদান্ত-প্রতিপাদ্য জ্ঞানের ধর্ম্মের সঙ্গে স্বজাতির পরিচয় করিয়ে দিয়ে। এদিক দিয়ে দেখলে রামমোহন শঙ্করাচার্য্যের সগোত্র।

তাঁ'র পরবর্ত্তী যুগের বাঙ্গালা শিক্ষিত সমাজ Comte, Mill, Herbert Spencer, Huxley প্রভৃতির দার্শনিক মতের পরিচয় পেয়ে আত্মহারা হয়ে পড়ল। বলা বাহুল্য গত শতাব্দীর বিদেশী দার্শনিকরা কেউ মানুষের ধর্ম্মবুদ্ধির প্রশ্রয় দেন নি, পোষকতাও করেন নি। তাঁরা মানুষের সাংসারিক বুদ্ধিই জাগ্রত করতে চেষ্টা করেছিলেন এবং তাতে অনেকটা কৃতকার্য্যও হয়েছেন। তাঁদের যুক্তিতর্কের বশীভূত হয়ে বহু শিক্ষিত বাঙ্গালী যুগপৎ agnostic ও humanitarian হয়ে উঠেছিলেন। এ শ্রেণীর বাঙ্গালীর কাছে রামমোহন রায়ের ধর্ম্মমতের অবশ্য কোনও মূল্য ছিল না। এঁদের কাছে রামমোহন উপেক্ষিত হয়েছিলেন।

সামাজিক অভ্যুদয়কামী এই বিলেতি দার্শনিকরা Politics, Law, Education এবং Scienceএর প্রধানত বিচার করেছেন এবং এসব বিষয়ের মূল্য সম্বন্ধে এবং মানুষের ইতি-কর্ত্তব্যতা সম্বন্ধে আমাদের চোখ ফুটিয়ে দিয়েছেন। এখন এই কথাটিই সকলকে স্মরণ করিয়ে দিতে চাই যে রামমোহন যদিচ বিলেতি-দস্তুর agnostic ছিলেন না, তবুও তিনি ছিলেন একজন পুরো humanitarian. অবশ্য তিনি এসকল দার্শনিকের শিষ্য ছিলেন না—কারণ তিনি ছিলেন এ সকল দার্শনিকের পূর্ব্ববর্ত্তী।

তিনিও politics, law, education ও science সম্বন্ধে তাঁর মতামত লিপিবদ্ধ করেছেন। আর এ সব বিষয়ে তাঁ'র কথা যে কতখানি মূল্যবান তা যে কেউ তাঁর লেখার সঙ্গে পরিচিত, তিনিই জানেন। এ বিষয়ে এ প্রবন্ধে আমি কোনওরূপ আলোচনা করতে চাই না, কারণ এ বিষয়ে আমার চাইতে যাঁরা বেশী অভিজ্ঞ তারা সে বিচার অবশ্য করবেন। এস্থানে আমার আসল

বক্তব্য এই যে, আমরা এসব বিষয়ে যা চিন্তা করি, সে চিন্তা তিনি প্রথমেই করেন, এবং তাঁর অনেক কথা আজও চিরসত্যরূপে বিরাজ করছে। তিনি বাঙ্গালী জাতিকে শুধু ধর্ম্ম সম্বন্ধে নয়, সকল প্রকার সাংসারিক ও সামাজিক ব্যাপারেও জ্ঞানলোকে ঠেলে তুলতে ব্রতী হয়েছিলেন। তিনি সে বিষয়ে যে কৃতকার্য্য হয়েছেন তার প্রমাণ,—আমরা আমাদের অজ্ঞাতসারে তাঁ'র প্রদর্শিত মুক্তির পথই অনুসরণ করছি।

রামমোহন রায় যে ভারতবর্ষের এযুগের সব চাইতে বড় nationalist, সে বিষয়ে বিন্দুমাত্র সন্দেহ নেই। অথচ তাঁর nationalismএর অন্তরে কোনরূপ নির্ব্বুদ্ধিতা অথবা সঙ্কীর্ণতা নেই। আমি পূর্ব্বে বলেছি যে রামমোহন রায়ের জীবন ও তাঁর বাণীর সঙ্গে আমরা তেমন পরিচিত নই। তবুও আমরা যে তাঁর দ্বারা অনুপ্রাণিত হয়েছি তার কারণ তিনি বাঙ্গালী জাতির অন্তরে নূতন প্রাণ সঞ্চার করেছেন। আমরা আজ একশ' বছর পরে এই সত্যটি আবিষ্কার করেছি যে আমাদের সকলের অন্তরেই রামমোহন রায়ের personality বর্ত্তমান।

এই রামমোহন রায়ের উৎসবের ফলে আমি আশা করি যে আজকার যুবক সম্প্রদায়ের মনে এ যুগের বাঙ্গলার মহাপুরুষ সম্বন্ধে কৌতূহল জাগ্রত হবে এবং তার প্রচারিত ধর্ম্ম সম্বন্ধে তা'রা আর উদাসীন থাকবে না। এর থেকে কেউ যেন মনে না করেন যে, আমি আজকালকার ছাত্র ও ছাত্রীদের সব রামমোহন সম্বন্ধে Research scholar হতে পরামর্শ দিচ্ছি।

ও পথে বিপদ আছে, কেননা research এর ফলে অনেকে হয়ত অনেক ক্ষুদ্র ও অকিঞ্চিৎকর fact আবিষ্কার করবেন, আর না হয়ত রামমোহন রায় কি হিসাবে মহাপুরুষ ছিলেন তা উপেক্ষা করে, তিনি কোনও অংশে আমাদেরই মত সামান্য ব্যক্তি ছিলেন তাই আবিষ্কার করবেন। এ আশঙ্কা যে অমূলক তা নয়। ইতিমধ্যেই কোনও কোনও নবীন ঐতিহাসিক আদালতের নথিপত্র ঘেঁটে আবিষ্কার করেছেন যে তাঁর সকল কথা গ্রাহ্য নয়। মোকদ্দমার আরজি ও বর্ণনাপত্রের সাহায্যে কোনও বিষয়ের আসল হাল উদ্ধার করা অতি কঠিন ব্যাপার। Evidence Act সত্য উদ্ধারের শাস্ত্র নয়। ও Act এর সাহায্যে সত্য মিথ্যা আবিষ্কার করা যায় না—কোন্ কথা আদালতে সম্ভব বলে গ্রাহ্য হবে, তারই কঙ্কাল ও শাস্ত্রে পাওয়া যায়। একই আরজি ও বর্ণনা পত্রের ভেতর থেকে দুপক্ষের উকিল উল্টো উল্টো সিদ্ধান্তে উপনীত হন।

যদি ধরেই নেওয়া যায় যে নব ঐতিহাসিক জজ কোনও অপ্রিয় সত্য আবিষ্কার করেছেন, তার থেকে এই প্রমাণ হয় যে রামমোহনও মানুষ ছিলেন।

কিন্তু কেন যে আমরা তাকে অতিমানুষ বলে শ্লাঘা করি তার সন্ধান পাওয়া যায় না। রামমোহন সম্বন্ধে এরূপ researchএ আমি কাউকে উৎসাহিত করতে পারিনে। Imitation of Rammohon হয়ত আমাদের যুবক সম্প্রদায়ের কর্ত্তব্য।

শতবর্ষ পরে

শ্রীপ্রিয়ম্বদা দেবী

তোমারে দেখিনি চক্ষে তব প্রতিকৃতি, সর্ব্বাঙ্গ সুন্দর দিব্য সৌন্দর্য্যের স্মৃতি
হে দেব, পুরুষোত্তম, তব পদে নমো নমঃ।
চিত্তবলে বলীয়ান অনন্য স্বাধীন, কারো কাছে কভু তুমি হও নাই দীন,
ষোড়শ কিশোর,
বন্ধনের ডোর
ছিন্ন করি গেলে দূর দুর্গম প্রদেশে, মহামনা, সত্যকাম, তপস্বীর বেশে।
নারী মোরা সবচেয়ে তব কাছে ঋণী, করুণায় সবাকারে লইয়াছ জিনি।
কোথাও ছিল না স্থান, সহিয়াছি কত অসম্মান।
চিত্তে যার চিতানল জ্বলে, তারেও সঁপিয়া চিতানলে,
সতীধর্ম্ম হ'ত যে প্রচার, অন্যায়ের সেই অবিচার
তুমি করেছিলে দূর। ওগো মহাপ্রাণ, কখনো যাওনি ভুলে সত্যের সম্মান।
স্বদেশে বিদেশে তুমি অদ্বিতীয় যাঁরে, সাধনা করেছ নিত্য পূজা করিবারে,
সেই তুমি দূর পরবাসে বিদেশীয় ভক্তজন পাশে,
মরণের লভিলে আশ্রয়, তাহারা গাহিল জয় জয়,
শেষ তব রোগের শয্যায় তাহাদেরি স্নেহ শুশ্রূষায়
চিরশান্তি নিকেতনে, গেলে লোকান্তরে, অক্ষয় অমৃতধামে বিধাতার বরে।
শ্রাদ্ধের বাসরে এই শতাব্দীর শেষে, সে কথা স্মরণে আসে, আজিকে স্বদেশে
অশ্রুজলে অভিষিক্ত আঁখি, শোক দৃশ্য মনে মনে আঁকি।
রাজা শুধু নহ তুমি রাজ অধিরাজ, রাজনীতি ক্ষেত্র, ভাষা ধর্ম্ম ও সমাজ
সচেতন করেছিলে অশেষ আশায়, তোমার সাধনা সেই সে অধ্যবসায়,
যেই বীজ করিল রোপণ, সার্থক সে তব প্রাণ-পণ।
যা বলি' যা করি' মোরা তারি পরিণতি
অলোক-সামান্য নেতা তোমারে প্রণতি॥

রাজা রামমোহন রায়ের ধর্ম্ম-সঙ্গীত

শ্রীখগেন্দ্রনাথ মিত্র

রাজা রামমোহন রায়ের ধর্ম্মমত কি ছিল, তাহা লইয়া এখনও বাদানুবাদ চলিয়া থাকে। সাধারণতঃ রামমোহন ব্রাহ্ম-সমাজের প্রতিষ্ঠাতা বলিয়া পরিচিত হইলেও, ধর্ম্মপ্রবর্ত্তন বা ধর্ম্মসমাজ গঠন তাঁহার একমাত্র বা মুখ্য কর্ম্ম ছিল না। ব্রাহ্মণ-পণ্ডিতকুলে জন্ম গ্রহণ করিলেও, তিনি আধুনিক কালের যুক্তিবাদী, স্বাধীন মতাবলম্বীদের অন্যতম ছিলেন। তাঁহার অসামান্য বিচার বুদ্ধিবলে সকল জিনিষই তিনি বিশ্লেষণ করিয়া দেখিতে পারিতেন। এইরূপ সূক্ষ্ম-দৃষ্টির ফলে রাজনীতি, সমাজ-সংস্কার, ভাষা-গঠন প্রভৃতি নানা বিভাগে তিনি যে কৃতিত্ব দেখাইয়া গিয়াছেন তাহার তুলনা বিরল। ধর্ম্ম-সংস্কারেও তিনি অদ্ভুত প্রতিভা প্রদর্শন করিয়াছেন। স্বাধীন চিন্তার দ্বারা তিনি যাহা ভাল বুঝিতেন, তাহাই তিনি সত্য বলিয়া গ্রহণ করিতেন। তিনি আপ্তবাক্যে বা Revelationএ বিশ্বাস করিতেন না। কোনও ধর্ম্মকেই তিনি অভ্রান্ত বলিয়া স্বীকার করিতেন না। শ্রেষ্ঠ ধর্ম্মগুলির সহিত ঘনিষ্ঠ ভাবে পরিচয় লাভ করিয়া রামমোহন যুক্তির সঙ্গে মিলাইয়া কোন কোন অংশ গ্রহণ করিবার যোগ্য এবং কোন কোন অংশ বর্জ্জনীয় তাহা নিজের জ্ঞানের উপর নির্ভর করিয়াই স্থির করিতেন। তাঁহার এই বিষয় অনুসন্ধিৎসা যে প্রশংসনীয় সে সম্বন্ধে কোনও সন্দেহ নাই। যুক্তি এবং স্বাধীন চিন্তা আধ্যাত্মিক বিষয়ে কতখানি ফলপ্রদ সে বিষয়ে অবশ্য সন্দেহের যথেষ্ট অবকাশ আছে। যুক্তি-তর্কের অদ্বিতীয় স্তম্ভ স্বরূপ শঙ্করাচার্য্যকেও স্বীকার করিতে হইয়াছে যে অধ্যাত্ম-বিষয়ে তর্কের প্রতিষ্ঠা নাই। প্রাচীন মনীষীদের মত—

"অচিন্ত্যাঃ খলু যে ভাবাঃ ন তাংস্তর্কেণ যোজয়েৎ।"

একেবারে উপেক্ষার বস্তু নহে। সে যাহাই হউক, রামমোহন যুক্তি-তর্কের উপরেই তাঁহার ধর্ম্মমতের ভিত্তি প্রতিষ্ঠিত করিতে চাহিয়াছিলেন। বহুদিন পর্য্যন্ত মহাজনগণের পন্থা অনুসরণ করিয়া হিন্দু-সমাজ যে গতানুগতিকতার ধারা অবলম্বন করিয়াছিল, তাহার বিরুদ্ধে যুক্তি-তর্কের শাণিত অস্ত্র লইয়া তিনি যুদ্ধার্থ প্রস্তুত হইলেন।

নবাগত পাশ্চাত্য সভ্যতার সংস্পর্শে আসিবার প্রথম ফল হইল

স্বাধীন চিন্তা ও যুক্তিপ্রিয়তা। কিন্তু রামমোহনের যুক্তি-প্রিয়তা উচ্ছৃঙ্খল কূট তর্কের আশ্রয় গ্রহণ করিয়া পরিতৃপ্ত হয় নাই। তিনি অভিনিবেশ সহকারে প্রত্যেক ধর্ম্মের মূল তত্ত্বগুলি আয়ত্ত করিয়া তার পরে যুদ্ধক্ষেত্রে অবতীর্ণ হইয়াছিলেন। রামমোহন আরবী, ফার্সী, ইংরেজি প্রভৃতি বহু ভাষায় পাণ্ডিত্য লাভ করিয়াছিলেন, ইহা সর্ব্বজন-স্বীকৃত সত্য। এই ভাষাজ্ঞানের সহজ পটুতা থাকায় তিনি বহু ধর্ম্মের মূল শাস্ত্রগুলি অনায়াসে আয়ত্ত করিতে পারিয়াছিলেন। যখন সেই সকল ধর্ম্ম লইয়া তিনি তর্ক করিতেন, তখন প্রতিবাদী তাঁহার শাস্ত্র-জ্ঞানের গভীরতা দেখিয়া অবাক্ হইত। তিনি যে ধর্ম্মের বিরুদ্ধে তর্কে প্রবৃত্ত হইতেন, সেই ধর্ম্মশাস্ত্র হইতে প্রমাণ ও বচন উদ্ধৃত করিয়া প্রতিবাদীর অজ্ঞতা প্রমাণ করিয়া দিতেন। খৃষ্টানের সঙ্গে তর্ক-যুদ্ধে বাইবেল যেমন তাঁহার অবলম্বনীয় ছিল, হিন্দুদের সঙ্গে সেইরূপ বেদ ও উপনিষদ্ এবং মুসলমানদের সঙ্গে তর্কে সেইরূপ কোরাণ তিনি দৃঢ়ভিত্তি রূপে গ্রহণ করিতেন। তাঁহার সেই সেই শাস্ত্রে প্রবল আস্থা ও গভীর সহানুভূতি দেখিয়া সেই সেই ধর্ম্মের লোকেরা মনে করিতে বাধ্য হইতেন যে রাজা রামমোহন রায় তাহাদেরই একজন অন্তরঙ্গ। কিন্তু রামমোহন কোনও ধর্ম্মের গণ্ডীর মধ্যে ধরা দিতেন না। রাজনারায়ণ বসু মহাশয় বলিয়াছেন যে রাজা রামমোহন বিলাত গমনের পূর্ব্বে তাঁহার (রাজনারায়ণ বাবুর) পিতাকে বলিয়া গিয়াছিলেন "আমার মৃত্যু হইলে বিভিন্ন সম্প্রদায়ের লোক আমাকে তাঁহাদের নিজ নিজ সম্প্রদায়ের অন্তর্গত বলিয়া মনে করিবেন। কিন্তু আমি কোন বিশেষ সম্প্রদায়ের অন্তর্গত নহি।" এই উক্তি রাজনারায়ণ বাবু তাঁহার পিতার নিকট শুনিয়াছিলেন। ইহার দ্বারা এইটি সপ্রমাণ হয় যে, সকল ধর্ম্মের সার সত্যের প্রতি রামমোহনের শ্রদ্ধা ছিল এবং তিনি মনে করিতেন যে প্রত্যেক ধর্ম্মেই কিছু না কিছু অন্তর্নিহিত গভীর সত্য আছে এবং প্রত্যেক ধর্ম্মেই সারতত্ত্বের সহিত নানা অবান্তর বিষয় মিশিয়াছে।

এ সম্বন্ধে সেই সেই ধর্ম্মের লোকেরা কি বলিবেন, তাহা অনুমান করা কঠিন নহে। হিন্দুরা তাহাদের ধর্ম্মের কোনও অংশ কুসংস্কার-সম্ভূত—সুতরাং বর্জ্জনীয়—ইহা যেমন স্বীকার করিতে কুণ্ঠিত, মুসলমান ও খৃষ্টানরাও তেমনি। ধর্ম্ম বলিতে শুধু তাহার সারতত্ত্বটুকুই বুঝায় না। খৃষ্ট-ধর্ম্ম ও মুসলমান ধর্ম্ম উভয়েই একেশ্বরবাদ ঘোষণা করে; তথাপি খৃষ্ট-ধর্ম্ম মুসলমান ধর্ম্ম নহে, এবং খৃষ্টান মুসলমান নহে। হিন্দুদিগকে যদি পৌত্তলিকতা হইতে মুক্তি দিবার আশায় দেবতা, দেবমন্দির, তীর্থস্থান

প্রভৃতি উড়াইয়া দেওয়া যায়, তাহা হইলে সে ধর্ম্মকে অন্য যে কোনও নামে অভিহিত করা হউক 'হিন্দু' ধর্ম্ম' বলা চলে না। বেদান্ত, উপনিষদাদি হিন্দু ধর্ম্মের দার্শনিক দিক্ প্রদর্শন করে মাত্র, কিন্তু দর্শন ধর্ম্মতত্ত্ব নহে। রামমোহন সম্ভবতঃ উপনিষৎ-প্রচারিত সত্যকে অঙ্গীকার করিয়া আপনাকে হিন্দু বলিয়া পরিচয় দিতেন। আদালতে তিনি আপনাকে হিন্দু বলিয়া পরিচয় দিয়া পৈতৃক সম্পত্তির দাবী করিয়াছিলেন। ইংলণ্ডে তাঁহার ইচ্ছানুসারে হিন্দুদের প্রথানুযায়ী অন্ত্যেষ্টিক্রিয়াও সম্পন্ন হইয়াছিল। তিনি যজ্ঞোপবীত ধারণ করিতেন। শুধু তাহাই নহে, কেহ কেহ মনে করেন যে তিনি তান্ত্রিক ছিলেন। কথিত আছে যে, চুচঁড়ার নিকটে মদন কামার নামে এক তান্ত্রিক ছিল। তাহার গৃহে রামমোহন রায়ের যে ছবি ছিল, তাহার সম্মুখে সে সাষ্টাঙ্গে প্রণাম করিত; তাহার বিশ্বাস ছিল যে, রামমোহন একজন তান্ত্রিক সাধক বা সিদ্ধপুরুষ ছিলেন। এই বিশ্বাসের কারণ কি তাহা জানা যায় না। তান্ত্রিক উপাসনা শুধু একেশ্বরবাদের বা অদ্বৈত বাদের দার্শনিক প্রজ্ঞান মাত্র নহে। তান্ত্রিক ধর্ম্মমতে যে সকল আচার পদ্ধতি আছে, তাহার সহিত রাজা রামমোহন রায়ের সহানুভূতি কিরূপে কল্পনা করা যাইতে পারে? সিদ্ধ পুরুষের কথা দূরে থাক্, তান্ত্রিক সাধক হইতে হইলেও আসন, জপ, প্রাণায়াম প্রভৃতি কতকগুলি অনুষ্ঠানের প্রয়োজন হয়। সেই সকল বিশেষ বিশেষ অনুষ্ঠান আবার কতকগুলি আচারের উপর নির্ভর করে। সেই সকল আচারের দ্বারা 'পূর্ণাভিষেক' না হইলে কেহ সাধক-পদবাচ্য হইতে পারেন না। রাম-মোহন কুসংস্কারের বিরুদ্ধে যেরূপ সংগ্রাম করিয়াছিলেন, তাহাতে তান্ত্রিক আচার পদ্ধতি যে তাঁহার অনুমোদিত ছিল, এরূপ মনে করিবার কারণ দেখা যায় না।

পূর্ব্বেই বলিয়াছি রামমোহনের ধর্ম্ম মত সম্বন্ধে এখনও স্থির সিদ্ধান্তে উপনীত হইতে পারা যায় নাই। তাঁহার প্রবন্ধ ও গ্রন্থাদি আলোচনা করিতে গেলে সংশয়ান্ধকার আরও ঘনীভূত হইয়া আসে। আমার মনে হয় যে, রামমোহনের সঙ্গীত গুলি এ বিষয়ে আমাদিগকে কিছু সহায়তা করিতে পারে। রামমোহনের ধর্ম্মমত তাঁহার নানা যুক্তিতর্কের গহনে হারাইয়া যাওয়ার সম্ভাবনা। কেন না সেখানে তাঁহাকে পরমত নিরসন ও আপন মত স্থাপন করিবার জন্য যুক্তি তর্কের অভেদ্য জাল বুনিতে হইয়াছে। হিন্দুকে হিন্দুত্বের দিক দিয়া, খ্রীষ্টানদিগকে বাইবেলের উপদেশ উদ্ধার করিয়া আক্রমণ করিতে হইয়াছে। এইরূপ তর্কনিয়োগে তিনি এতদূর পারদর্শী হইয়াছিলেন যে, তিনি হিন্দু ধর্ম্মমতে, হিন্দু শাস্ত্রে বা বেদ বেদান্তে কতখানি বিশ্বাস করিতেন,

তাহা নিশ্চিত বলা বড়ই কঠিন। আমরা জানি তিনি ব্রাহ্ম সমাজের প্রতিষ্ঠাতা। অবশ্য ব্রহ্ম ধর্ম্ম বলিয়া কোনও স্বতন্ত্র ধর্ম্ম তখনও ঠিক গড়িয়া উঠে নাই। এক্ষণে আমরা যাহাকে ব্রাহ্মধর্ম্মের গণ্ডী দিয়া পৃথক করিয়া দেখিতে চাই, তাহা যে রামমোহন বরণ করিয়া লন নাই, ইহা একরূপ নিশ্চয় করিয়াই বলা যাইতে পারে। তিনি খৃষ্টধর্ম্মের নীতি এতই পছন্দ করিতেন যে তাঁহাকে খ্রীষ্টধর্ম্মাবলম্বী বলিয়া ভ্রম হওয়া বিচিত্র নহে। মিস্ মেরী কার্পেণ্টার রামমোহনকে একেশ্বরবাদী খৃষ্টান (Unitarian Christian) প্রতিপন্ন করিবার জন্য যে চেষ্টা করিয়াছেন,তাহা একান্ত অমূলক বলা যায় না। তিনি ব্রাহ্মসমাজে বসিয়া বেদ বেদান্তের ব্যাখ্যা শুনিতেন, আবার সেখানে খৃষ্টান বালকদের মুখে ডেভিডের গীত শুনিতেও ভালবাসিতেন এইরূপ জানা যায়। তাঁহার খৃষ্ট ধর্ম্মের সমর্থন পুস্তকগুলি (Precepts of Jesus, First Appeal in defence of the Precepts of Jesus, Second Appeal in defence of the Precepts of Jesus, Appeal to the Christian Public) পাঠ করিলে স্বতঃই ধারণা জন্মিতে পারে যে তাঁহার জীবনে খৃষ্টধর্ম্মের পূর্ণ প্রভাব পতিত হইয়াছিল। অথচ ইহাও ঠিক যে, তিনি সর্ব্বপ্রকার সাম্প্রদায়িকতা হইতে আপনাকে মুক্ত রাখিতে চেষ্টা করিতেন। এইরূপ, তাঁহার জীবনে যে মুসলমান সুফী সম্প্রদায়ের প্রভাব অনুভূত হইয়াছিল, তাহা তয়ফাতুল মওয়াহিদ্দীন হইতে একরূপ নিশ্চিত বলা যাইতে পারে। এই সকল প্রমাণ হইতে আমরা এইমাত্র বলিতে পারি যে, রামমোহন একান্ত নিবিষ্টতার সহিত যে সকল ধর্ম্ম সম্বন্ধে অনুশীলন করিয়াছিলেন তাঁহার জীবনে সেই সকল ধর্ম্মের মুদ্রাঙ্ক অল্পবিস্তর দেখা যায়।

রামমোহনের এইরূপ অসাধারণ সব্যসাচিত্বের জন্য অনেক সময়ে তাঁহার মনের কথাটি কি তাহা বলা কঠিন হইয়া পড়ে। আমার মনে হয়, তাঁহার নিজস্ব ব্যক্তিগত ধর্ম্ম মত জানিতে হইলে তাঁহার রচিত সঙ্গীত গুলির প্রতি দৃষ্টিপাত করিতে হইবে। সঙ্গীতে—বিশেষতঃ ধর্ম্মসঙ্গীতে—লোকের সহজ মনোভাব ব্যক্ত না হইয়া পারে না। কারণ উহাতে প্রতিবাদীকে যুক্তির বেড়াজালে ফেলিয়া জয় লাভের আনন্দ পাইবার কোনও রূপ চেষ্টা থাকে না। মনের গভীর অনুভূতি হইতেই সঙ্গীতের জন্ম। অতর্কিত ভাবে উহাতে মনের কথা ব্যক্ত হইয়া পড়ে। বৈষ্ণবদের গীতিকবিতা, রামপ্রসাদের গান, বাউল এবং মরমী সুফীদের গীত কেবল কাব্যসৃষ্টির কসরৎ দেখাইবার জন্য রচিত হয় নাই, ইহা নিশ্চয়। ঐ সকল গানে প্রাণের পরশ আছে বলিয়াই উহাদের আবেদন আমরা এত গভীর ভাবে অনুভব করি। মনস্তত্ত্বের দিক দিয়া ঐ সকল সঙ্গীত

এক একখানি ক্ষুদ্র দর্পণ, কবির মনের ছবিটি তাহাতে নিখুঁত ভাবে ধরা পড়িয়াছে।

রামমোহনের সঙ্গীত সম্বন্ধেও এই কথা খাটে। এই সঙ্গীত গুলিতেই তাঁহার মনের অকৃত্রিম ছাপ দেখিতে পাওয়া যায়। একটি গল্প আছে যে কৃষ্ণচন্দ্রের রাজসভায় একজন পণ্ডিত উপস্থিত হইয়াছিলেন। তিনি নানা ভাষায় কথা কহিতে পারিতেন এবং প্রত্যেক ভাষায় তিনি এত সহজ ভাবে কথা বলিতেন যে, তাঁহার মাতৃভাষা কি এবং তিনি কোন দেশের লোক তাহা কেহ বুঝিতে পারিত না। রাজার সভা-পণ্ডিতেরা অনেক চেষ্টা করিয়াও ইহা স্থির করিতে পারিলেন না। পরে সুচতুর গোপাল ভাঁড় সেই আগন্তুক পণ্ডিতকে লইয়া উদ্যানে বেড়াইতে গেলেন এবং একটি দীঘির উচ্চ পাড় হইতে তাঁহাকে জোরে ধাক্কা দিলেন। তখন বহুভাষাবিৎ পণ্ডিত ভয়ে তাঁহার মাতৃভাষায় চীৎকার করিয়া উঠিলেন। গোপাল সভায় আসিয়া আগন্তুকের দেশ ও মাতৃভাষার প্রহেলিকার সমাধান করিয়া দিলেন। ভয়, শোক, ব্যাকুলতা প্রভৃতি কৃত্রিমতার শত্রু। আমরা মনস্তত্ত্বের এই সত্যের উপর নির্ভর করিয়া বলিতে পারি যে রামমোহনের ধর্ম্ম-সঙ্গীতগুলিতে তাঁহার যে আর্ত্তি, ও ব্যাকুলতা ব্যক্ত হইয়াছে, তাহা কখনও কোনও ব্যক্তি, সম্প্রদায় বা উদ্দেশ্যের জন্য কল্পিত নহে। ইহাদের মধ্যে যে আন্তরিকতার ছাপ আছে তাহা অনায়াসে ধরা পড়িয়া যায়। বস্তুতঃ সেই আন্তরিকতার জন্যই রামমোহন-রচিত গীতগুলি ব্রহ্মসঙ্গীতে স্থান পাইয়াছে এবং রামমোহন ব্রহ্মসঙ্গীতের প্রবর্ত্তক বলিয়া সম্মানিত হইতেছেন।

এই সঙ্গীতগুলি আলোচনা করিলে হিন্দুধর্ম্মের মর্ম্ম-কথাটির সহিত রামমোহনের ঘনিষ্ঠ সম্পর্ক ব্যক্ত হইয়া পড়ে। রামমোহন যুক্তিবাদী বা rationalist ছিলেন। কাজেই তিনি যতটা সম্ভব যুক্তির সুরে সুর মিলাইয়াই সঙ্গীত রচনা করিয়াছেন। কিন্তু এই যুক্তিজালের ফাঁক দিয়া হিন্দুধর্ম্মের রূপটি আমাদের নজরে পড়ে! প্রথমতঃ হিন্দুদের মধ্যে নিরক্ষর লোকেরাও অদ্ভুত অধ্যাত্মজ্ঞানপূর্ণ সঙ্গীত গান করিয়া থাকে। এরূপ অন্য কোনও জাতির মধ্যে আছে কিনা জানি না।

"মানুষ কি কথায় ধরা যায়
মনে প্রাণে ঐক্য হয়ে নির্জ্জনে সাধন করতে হয়।"

এ'গান পল্লী গায়কের মুখেই শুনিয়াছি। হিন্দুদিগকে এ'গানের অর্থ যুক্তির দ্বারা বুঝাইয়া দিতে হয় না।

"কেমনে ধর্‌বি তারে
মনের মানুষ বলিস যারে রে।

সে যে রয় ধরাময় ধরা না যায়
অধর চাঁদ কে ধরতে পারে।"

হিন্দুদের নিকট ইহা চিরপরিচিত সুর। হিন্দুদের মধ্যে এই ধরণের বহু ভাব-সঙ্গীত আছে। ইহার মধ্যে যে অধ্যাত্মতত্ত্ব আছে, তাহা প্রাচীনকাল হইতে হিন্দু জনসাধারণকে প্রভাবিত করিয়াছে। সুতরাং রামমোহন সেই পরিচিত সুরেই গান ধরিলেন।

"এত ভ্রান্তি কেন মন
দেখ আপন অন্তরে।
যার অন্বেষণ কর
সে নিবসে সর্ব্বান্তরে॥"

অথবা

"কোথায় গমন কর সর্ব্বক্ষণ
সেই নিরঞ্জন অন্বেষণে।
ফলশ্রুতি বাণী হৃদয়েতে মানি
প্রফুল্ল আপনি আপন মনে॥"

অথবা

"অজ্ঞানে জ্ঞান হারায়ে
কর একি অনুষ্ঠান।
পরাৎপর করি পর
অপরে পরম জ্ঞান॥"

তিনি যখন বলিতেছেন যে—

"দ্বিভাব ভাব কি মন এক ভিন্ন দুই নয়।
একের কল্পনা রূপ সাধকেতে কয়॥"

তখনও প্রতিমাপূজক হিন্দু সর্ব্বান্তঃকরণে এই অদ্বৈতসিদ্ধি উপলব্ধি করিয়া আনন্দ পাইবে। হিন্দুদের গীতি-সাহিত্যে কয়েকটি বিষয় স্বতঃসিদ্ধরূপে পুনঃ পুনঃ দেখা দেয়, সেগুলি এই ঃ—সংসারের অনিত্যতা, বিষয়ের মোহ, মৃত্যুর নিশ্চয়তা, ভগবানের শরণাগতি, কর্ম্মফলের বন্ধন, জীবের উপায়হীনতা, মুক্তির জন্য ব্যাকুলতা এবং বৈরাগ্য। রামমোহনের গীতেও এই সমস্তগুলি পুনঃ পুনঃ ধ্বনিত হইয়াছে। তিনি খৃষ্টান, মুসলমান, সুফী, মতাজল—যে সম্প্রদায়ের সঙ্গেই সহানুভূতি করুন না, তাঁহার অন্তরতম অন্তরের আবেদন হিন্দুধর্ম্মের গীতিমূর্চ্ছনায় প্রকাশ পাইয়াছে। আপাততঃ মনে হইতে পারে যে,

তাঁহার সঙ্গীতগুলি ব্রহ্মসঙ্গীতের পর্য্যায়েই স্থান পাইবার অধিকারী, হিন্দু-ধর্ম্মের দাবী সেখানে উঠিতে পারে না। কিন্তু এই আশঙ্কা সম্পূর্ণ অমূলক। হিন্দু মূর্ত্তিপূজার পক্ষপাতী হইলেও, তাহার আধ্যাত্মিক জগতের কেন্দ্র এক অনাদি অনন্ত অচিন্ত্য পরমেশ্বর !

"ব্রহ্মেতি পরমাত্মেতি ভগবানিতি শব্দ্যতে।

কেহ ব্রহ্ম, কেহ পরমাত্মা কেহ ভগবান্ বলেন। যিনি নির্গুণ ভাবে পরমেশ্বরের আরাধনা করেন, তিনি ব্রহ্মের উপাসক। যিনি সর্ব্বভূতের হৃদ্দেশে অবস্থিত চৈতন্য স্বরূপ পুরুষের আরাধনা করেন, তিনি পরব্রহ্মকে পরমাত্মারূপে অনুভব করেন এবং যিনি তাঁহাকে জগৎকারণ ষড়ৈশ্বর্য্যশালীরূপে কল্পনা করিতে ইচ্ছা করেন, তিনি তাঁহাকে ভগবান্ বলিয়া সম্বোধন করিতে ভালবাসেন। যে ভগবান্ বৈষ্ণব কর্ত্তৃক দ্বিভুজ মুরলীধর বলিয়া বর্ণিত হন, তিনিই আবার 'অনাদিরাদির্গোবিন্দঃ সর্ব্বকারণকারণম্'। তিনি 'একোবশী সর্ব্বভূতান্তরাত্মা' এবং 'অণোরণীয়ান্' 'মহতো মহীয়ান্'। শক্তির উপাসকগণ দশভুজা দেবী মূর্ত্তির সম্মুখে বসিয়াই বলেন।

"যা দেবী সর্ব্বভূতেষু মাতৃরূপেণ সংস্থিতা।"

এই শাক্তেরাই বলেন,

"ত্বং বৈষ্ণবী শক্তিরনন্তবীর্য্যা
বিশ্বস্য বীজং পরমাসি মায়া।"—দেবীমাহাত্ম্য।

কথিত আছে, নীলমণি ঘোষ নিম্নলিখিত শাক্তভাববিশিষ্ট সঙ্গীতটি রাম মোহনকে শুনাইলে তিনি তাঁহাকে আলিঙ্গনদানে পুরস্কৃত করিয়াছিলেন—

"কে জানে তোমায় তারা,
তুমি সাকারা কি নিরাকারা।"

ইহা হইতে স্পষ্ট বুঝা যায় যে, রামমোহন রায় হিন্দু ধর্ম্মের আধ্যাত্মিক রত্ন আহরণ করিয়া তাঁহার গানের মালা গাঁথিয়াছিলেন। ইহার মধ্যে লক্ষ্য করিবার বিষয় এই যে, এই আধ্যাত্মিক ভাব গুলিকে তিনি হিন্দুধর্ম্ম হইতে বিচ্যুত করিয়া স্বতন্ত্রভাবে দেখাইতে প্রয়াসী ত ছিলেনই না, পরন্তু যতদূর সম্ভব হিন্দুভাবের সঙ্গে সামঞ্জস্য রক্ষা করিয়াই তাঁহার চিন্তা প্রণালী প্রবাহিত হইয়াছিল। এমন কি তিনি তাঁহার সঙ্গীতে হিন্দু দেবতা ব্রহ্মা বিষ্ণু শিবকেও বর্জ্জন করেন নাই।

"স্থাবরাদি জঙ্গম বিধি বিষ্ণু শিব যম
প্রত্যেকেতে যথাক্রমে যাতে লীন হয়।"

পুনরায়,—

"বিধি-বিষ্ণু বল যারে
কালে তারে শেষ করে
গুণত্রয় বুঝনারে
স্মর পরমেশ্বরে ত্রিগুণাতীত।"

ব্রহ্মা-বিষ্ণু প্রভৃতি দেবতা ক্ষয়শীল, ইহা হিন্দুসঙ্গীতেও পাওয়া যায়;

"কত চতুরানন মরি মরি যাওত
সাগর লহরী সমানা।" —বিদ্যাপতি

রামমোহন যে ভাবে ভগবানকে কল্পিত করিয়াছেন, ভগবদ্‌গীতার সহিত তাহার অমিল নাই। এমন কি তিনি বাঙ্গালাগানের সঙ্গে গীতার শ্লোক পর্য্যন্ত যোজনা করিয়া দিয়াছেন।

বিশেষের মধ্যে এই যে, তিনি ভগবানের আকার বা পরিচ্ছিন্নতা-কল্পনার বিরোধী। যিনি সর্ব্বভূতের অন্তরাত্মা স্বরূপে বিরাজ করেন, যাঁহার সত্তায় সমস্ত বিশ্বব্রহ্মাণ্ড পরিব্যপ্ত, যিনি বাক্য ও মনের অতীত, তাঁহার আবার রূপ কল্পনা কি? তাঁহার আবাহন, বিসর্জ্জন কি? তাঁহার জন্য আবার তীর্থ কেন? এই ভাবটি তাঁহার অধিকাংশ সঙ্গীত অধিকার করিয়া রহিয়াছে। এ ভাব হিন্দুদের সঙ্গীতে প্রায়ই দেখা যায়।

রামমোহনের সঙ্গীতে আত্মা অমর, অজর, অব্যয়। ব্রহ্ম চৈতন্যস্বরূপ ও ইচ্ছাময় (নির্গুণ হইলেও); তাঁহাকে আরাধনা করিলে জীবের শুধু কল্যাণ হয় না; তাঁহার আরাধনা ব্যতীত অন্য কোনও উপায় নাই। এই মরণাহত সংসারে নিরন্তর ভগবচ্চিন্তাই সার। "স্মর্ত্তব্যো সততং বিষ্ণুরস্মর্ত্তব্যো না জাতু চিৎ" ইহা হিন্দুধর্ম্মের কথা। ভগবান নিত্যানন্দময়, আনন্দ পাইতে হইলে তাঁহাকে ভাবিতে হয়; অন্য কোনও উপায় নাই। আমরা মায়ার খেলা লইয়া ভুলিয়া আছি ('বিশ্ব যার ছায়া হয়'), কর্ম্মফল আমাদিগকে ভুলাইয়া রাখিতেছে, (না কাটিলে কর্ম্মপাশ—নীলমণি ঘোষ) প্রপঞ্চময় বিষয় আকাশ-পুষ্পের ন্যায় অলীক, মায়াকে জয় করিয়া ব্রহ্মভাবে অধিষ্ঠান করিতে পারিলে মোক্ষ প্রাপ্ত হওয়া যায়। এই সকল ভাব রামমোহনের গীতে দেখিতে পাই। বাউলদেরই মত তিনি বলিতেছেন,

"ভাব সেই একে।
জলে স্থলে শূন্যে যে সমভাবে থাকে।
যে রচিল এ সংসার আদি অন্ত নাই যার
সে জানে সকল, কেহ নাহি জানে তাকে॥"

তিনি একবার কঠোর নীরস নির্গুণবাদীর মত বলিতেছেন যে

'মন যারে নাহি পায় নয়নে কেমনে পাবে।'
'দেখিবারে চাহ যারে না দেখে নয়ন।'
'অচিন্ত্য উপাধিহীনে, অতিক্রান্ত গুণ তিনে
যত সব অর্ব্বাচীনে করয়ে কল্পনা।'
'নিরঞ্জনে নিরূপণ, কিসে হবে বল মন
সে অতীত ত্রৈগুণ্য।'

তিনিই আবার সেই ব্রহ্মকে দিয়া বিশ্ব সৃষ্টি করাইতে কুণ্ঠিত নহেন; তাঁহার 'ইচ্ছামাত্রে' এই অনিত্য জগৎ সংসার রচনা করিতেছেন। 'তিনি অনন্ত অব্যয়, অশোক অভয় একমাত্র নিরাময়। উপমারহিত সর্ব্বজনহিত, ধ্রুব সত্য সর্ব্বাশ্রয়।' আবার তিনিই

'আহার উদরে, দেন সবাকারে, জীবের জীবনদাতা।
রসরক্তস্থানে, দুগ্ধ দেন স্তনে, পানহেতু বিশ্বপাতা।'

এইরূপ পরস্পরবিরোধী কল্পনা হিন্দুধর্ম্মের অস্থিশোণিতমজ্জায় চির-দিনের মত নির্ব্বিরোধ ভাবে বসবাস করিতেছে।

আমার মনে হয় রামমোহন রায়ের ধর্ম্মমতের ভিতরকার খবর লইয়া আর আমাদিগকে সংশয়ে পতিত হইতে হয় না,—যদি তাঁহার রচিত গীতগুলি আমরা অপক্ষপাত দৃষ্টিতে বিচার করি। পূর্ব্বেই বলিয়াছি মূলতত্ত্ব সম্বন্ধে বিভিন্ন ধর্ম্মের মধ্যে বেশ একটি সাদৃশ্য দেখিতে পাওয়া যায়। কিন্তু তাহা বলিয়া আমরা যেন মনে না করি যে, তিলোত্তমা-সৃষ্টির মত নানাধর্ম্ম হইতে তিল তিল করিয়া উপাদান সংগ্রহ করিয়া তিনি আপনার ধর্ম্মমত গঠন করিয়া-ছিলেন। আমি বলিতে চাই যে, তাঁহার সঙ্গীতে আমরা যে সকল ভাবের সমাবেশ দেখিতে পাই, তাহারা প্রত্যেকে এবং সমষ্টিভাবে অসংশয়িত ভাবে হিন্দুধর্ম্মের অঙ্গীভূত, অন্য কোনও ধর্ম্মের নহে।

রামমোহন ও তাঁহার সমসাময়িক ভারতীয় সাধক

অধ্যাপক শ্রীক্ষিতিমোহন সেন

অসংখ্য ভেদবিভেদবিড়ম্বিত দেশ এই ভারতবর্ষ। কিন্তু যুগে যুগেই এই দেশে তাঁহারাই হইয়াছেন মহাপুরুষ যাঁহারা এত ভেদের মধ্যেও এই দেশে প্রতিষ্ঠিত করিতে চাহিয়াছেন ঐক্যকে। প্রত্যক্ষই দেখা যাইতেছে রাম, কৃষ্ণ, মহাবীর, বুদ্ধ, চৈতন্য, কবীর, নানক প্রভৃতি ঐক্যগুরুরাই এই অনৈক্যক্ষুব্ধ দেশে যুগে যুগে মহাপুরুষ। ইঁহারা কেহই যুদ্ধ বা সাম্রাজ্য স্থাপন করিয়া নিজের মহিমার পরিচয় দিয়া যান নাই। তাই মনে হয় নানা অনৈক্য-নিপীড়িত এই দেশে বিধাতা চাহেন ঐক্যেরই সাধনা। তাই যতই অনৈক্য যতই দুঃখ ততই দলে দলে তিনি তাঁর বাছা বাছা মহাপুরুষদের এই একই সাধনার জন্য ক্রমাগতই পাঠাইয়াছেন।

মুসলমানদের আসিবার পূর্ব্বে এই দেশে সমস্যা ছিল আর্য্য অনার্য্যদের নানা ভাগ ও ভেদ-বিভেদ লইয়া। তারপর আসিয়া উপস্থিত হইল মুসলমান রাষ্ট্র, ধর্ম্ম ও সভ্যতা। তাহার উপর অষ্টাদশ শতাব্দীতে ভারতের মধ্যে প্রবেশ করিতে আরম্ভ করিল য়ুরোপীয় বাণিজ্য, রাষ্ট্র, সভ্যতা, ধর্ম্ম, জ্ঞান, বিজ্ঞান প্রভৃতি বর্ত্তমান কালের সব কিছু জিনিষ। তাই নানা সমস্যায় এই যুগ হইয়া উঠিল মহাসঙ্কটময়। এমন যুগে বিধাতা কোন মহাপুরুষকে পাঠাইবেন নেতা করিয়া ইহাই দেখিবার মত বিষয়।

তাই দেখিতেছি অষ্টাদশ শতাব্দীর শেষভাগে ও ঊনবিংশ শতাব্দীর প্রথম পাদে ভারতের চার স্থানে চারজন মহাপুরুষ এই এক ঐক্যেরই সাধনায় গিয়াছেন বসিয়া।

মহারাষ্ট্র দেশে ১৭৬০ খৃষ্টাব্দের কাছাকাছি জন্মিলেন তুলসী সাহেব হাথরসী, তাহার অল্প পূর্ব্বেই উত্তর পশ্চিমের ফৈজাবাদ জেলায় জন্মেন পলটু সাহেব, ১৭৭১ খৃষ্টাব্দে পাঞ্জাব ও রাজপুতানার মাঝখানে নারনৌল জেলায় জন্মেন দেবরাজ ও ১৭৭২ খৃষ্টাব্দে বাংলা দেশে জন্মিলেন রামমোহন। কাজেই একই সময়ে ভারতের চারিটি মর্ম্মস্থলে চারিজন মহাপুরুষ বসিয়া গেলেন তাঁহাদের ঐক্যের ও যোগের সাধনা লইয়া।

পলটু প্রধানত রহিলেন ধর্ম্ম ও সাধনার ভেদের মধ্যে ঐক্যকে প্রতিষ্ঠিত

করিতে, তুলসী সাহেব সংসার ছাড়িয়াও বসিলেন ধর্ম্ম ও সমাজের মধ্যে যে নিষ্ঠুর অনৈক্য ভাব রহিয়াছে তাহা ক্ষয় করিতে ; ধর্ম্ম ও সমাজে বিশেষতঃ গার্হস্থ্যজীবনে নিষ্ঠুর উচ্চনীচভেদ আছে তাহা ছাড়া পুরুষ ও নারীর অধিকারের মধ্যে যে অন্যায় অধিকারভেদ আছে তাহা দূর করিতে লাগিয়া গেলেন দেবরাজ। দেবরাজ সংসারী সাধক, পলটু সন্ন্যাসী হইলেও সংসারের যোগছিন্ন করেন নাই, তুলসী সাহেব পুরা সন্ন্যাসী, অথচ তিনজনেরই সাধনা একই লক্ষের দিকে। মোটকথা প্রধানতঃ ধর্ম্ম সাধনার মধ্যে ও সামজিক ব্যবস্থার মধ্যে যে অন্যায় ভেদবুদ্ধি রহিয়া গিয়াছে তাহার মধ্যে ঐক্য ও ন্যায়কে প্রতিষ্ঠা করিতেই এই তিন জন মহাপুরুষ বাসিয়া গেলেন।

রামমোহন রায় এতখানি ত গ্রহণ করিলেনই কিন্তু তাহার উপরে বর্ত্তমান যুগে এই দেশে পাশ্চাত্য ধর্ম্ম, কালচার, সভ্যতা, শিক্ষা, জ্ঞান, বিজ্ঞান, রাষ্ট্র-নীতি, বাণিজ্যনীতি প্রভৃতি হঠাৎ বন্যার মত প্রবেশ করাতে সে সমস্যার উপর আবার নানা মহা সমস্যার সৃষ্টি হইল। তাহার সমাধান-সাধনায় তিনি আপন প্রাণপণ করিলেন। এই সব গুলিতে একেবারে অসামান্য ভাবে এই যুগের আদি দীক্ষা তিনি দিলেন ও যুগনেতৃত্বের ভার অসাধারণ যোগ্যতার সহিত গ্রহণ করিলেন। সন্ন্যাসী হইলে ভারতবর্ষে তাঁহার কথা লোকে সহজে শুনিত। কিন্তু তিনি কোথাও বিচ্ছেদ অনৈক্য সহিতে পারেন নাই, তিনি সংসার ও সাধনা যুক্ত করিলেন।

পূর্ব্বোক্ত তিনজন সমসাময়িক মহাপুরুষের সাধনার সঙ্গে রামমোহনের সাধনার কোথায় ভেদাভেদ তাহা দেখা দরকার।

রামমোহন-স্মৃতি-বার্ষিকীর শেষ দিনের অধিবেশনের জন্য লিখিত আমার বক্তব্যের মধ্যে (দ্রষ্টব্য "দেশ", ২২শে পৌষ, ১৩৪০) দেবরাজ ও পলটুর সামান্য পরিচয় আমি দিয়াছি। তুলসী সাহেবের নাম মাত্র করা হইয়াছে পরিচয় কিছুই দেওয়া হয় নাই। তাই রামমোহন প্রসঙ্গেই তুলসী সাহেবের সামান্য কিছু পরিচয় দিবার প্রয়োজন আছে ; কারণ তুলসীও রামমোহনের একজন সুযোগ্য সমসাময়িক সাধক।

সেই যুগে এত সব মহাপুরুষ ভারতে থাকা সত্ত্বেও কেন যে আমরা রামমোহনকেই এই যুগের যুগগুরু বলিলাম তাহার কারণ আমি পূর্ব্বেই বলিয়াছি। (দ্রষ্টব্য "দেশ", ২২শে পৌষ, ১৩৪০)। এখন আর তাহার পুনরুল্লেখ করার প্রয়োজন নাই।

কবীর ও দাদু যে তাঁহাদের আপন আপন যুগের মহাগুরু ছিলেন তাহা বুঝাইতে গিয়া রজ্জব মহাপুরুষদের দুইটি প্রধান প্রমাণ দিয়াছেন।

তার একটি হইল তাঁহাদের বিরাট আধ্যাত্মিক ক্ষুধা, আর একটি হইল সমসাময়িক যুগের কাছে তাঁহাদের দুঃসহ নিন্দা নিগ্রহ ও নির্য্যাতনের পুরস্কার প্রাপ্তি।

গরুড় জন্মিয়াই বলিলেন খাদ্য দাও। মাতা যাহা দেন তাহা নিতান্ত অল্প। ঐটুকু খাদ্যে তাঁহার কিছুতেই তৃপ্তি নাই। পিতা কশ্যপ তখন তাঁহাকে দেখাইয়া দিলেন যেখানে যুগযুগান্ত ধরিয়া গজকচ্ছপের যুদ্ধ চলিয়াছে তাহাই আত্মসাৎ করিতে। এত বড় একটা বিরোধকে আত্মসাৎ করাতেই বুঝা গেল গরুড় মহাশক্তি লইয়া হইয়াছেন অবতীর্ণ। এই বিশ্বগ্রাসী মহতী ক্ষুধার কথা বুঝাইতে গিয়াই কবীর বলিয়াছেন—

"এই ঘটের মধ্যে সপ্ত সমুদ্র এই ঘটের মধ্যেই নবলক্ষ তারা।"

"যা ঘট ভীতর সপ্ত সমুদ্-দর,—যা ঘট নৌ লখ তারা।" ইত্যাদি।

এই বিশ্ব চরাচরকে অন্তরে ধারণ করিয়াও তাঁহার অন্তরের ক্ষুধা কি মিটিয়াছে? এই বিরাট ক্ষুধার কথাতেই দাদু বলিয়াছেন—"পবন জল সব আমি করিয়াছি পান, ধরিত্রী আকাশ, চন্দ্র, সূর্য্য পাবক এই সব মিলিয়া আমার এক গ্রাস মাত্র।"

"পাব্না পাণী সব পিয়া ঘরতী অরু আকাস।
চংদ সুর পাবক মিলে, পংচৌ এক গরাস॥" ইত্যাদি।

(দাদু, জয়ণা জৌ অংগ, ৩২)

আর রামমোহনের আধ্যাত্মিক ক্ষুধা! কি শৈশবেই রামমোহন সংস্কৃত আরবী পারসী আয়ত্ত করিয়া হিন্দু ও মুসলমান শাস্ত্র সব পড়িলেন! সংসারের কাজের জন্য যদি হইত তবে এতখানি বিদ্যার কি প্রয়োজন? তারপর প্রচলিত স্মৃতিতে পুরাণে তাঁহার মন মানিল না, বেদ, উপনিষৎ তন্ত্রাদি সকল শাস্ত্র মন্থন করিলেন। তবু ক্ষুধা মিটিল না! বৌদ্ধ শাস্ত্র জানিবার জন্য ভারত ছাড়িয়া চলিলেন। আরও যে চাই! য়ুরোপীয় ভাষা সাহিত্য বিজ্ঞানাদি আয়ত্ত করিলেন। তাঁহাদের ধর্ম্ম বুঝিতে গ্রীক হিব্রু প্রভৃতি গভীর ভাবে অধ্যয়ন করিলেন। ইহাতো গেল পুঁথীতে পড়া অভিজ্ঞতা। প্রাচ্য ও পাশ্চাত্য শিক্ষা ও সভ্যতার ভেদ প্রত্যক্ষ করিবার জন্য তিনি দেশ ছাড়িয়া বিদেশে প্রাণ দিলেন! তবু কি তাঁর ক্ষুধা মিটিয়াছিল?

এই যে বিশাল আধ্যাত্মিক আকাঙ্ক্ষা ইহা তাঁহার মহত্ত্বের এক প্রমাণ।

তাঁহার মহত্তের আর এক প্রমাণ সমসাময়িক কালে সবার নিকটে দুঃসহ নিন্দা নিগ্রহ ও নির্য্যাতনের পুরস্কার লাভ। এই লক্ষণ দিয়া জগতের

অনেক মহামানবকে আমরা চিনিয়াছি। একদিন যাঁহাকে শক্তিমদমত্ত মানুষেরা দুই চোখের মাঝখানে কাঁটার মুকুট পরাইয়া তীব্র উপহাসের মধ্যে শূলে বিদ্ধ করিয়াছে পরে তাহাদেরই সন্তান তাঁহারই পুণ্য নামকে নিখিল মানবের পরিত্রাতা বলিয়া নত মস্তকে স্বীকার করিয়া লইয়াছে। হয়তো তাঁহার পুণ্য চরিতকে আবার এমন করিয়া অপব্যহার করিয়াছে যে তাঁর নিষ্ঠুরতর শূলবেধ আজও চলিয়াছে।

এই প্রমাণেও রামমোহন একজন কম মহাপুরুষ নহেন। জীবিত-কালে তো বহু দুঃখ ও অপমান তিনি সহ্য করিয়াই গিয়াছেন কিন্তু আজই কি সেই দুঃখের অবসান হইয়াছে? যাহাদের জন্য তিনি বান্ধবহীন বিদেশে প্রাণ দিয়া গেলেন তাহারাই নিরতিশয় উৎসাহে আজও পারিলেই তাঁহার পশ্চাতে অকৃতজ্ঞ নিষ্ঠুর অস্ত্র বিদ্ধ করিবার সুযোগ খুজিতেছে।

দেশে তখন ধর্ম্ম সাধনায় ঐক্যযোগ ও ভাব সামঞ্জস্যের একান্ত প্রভাব। তাই তখন রামমোহনকে সকল দিক দিয়া এই ঐক্য যোগ ও সকল দিকে ভার-সমীকরণের সাধনা করিতে হইয়াছে।

অনেকে প্রশ্ন করেন রামমোহানের মধ্যে সব গুণ থাকিলে ও তাঁহাতে কবিত্ব ও রসের তেমনি প্রকাশ কেন দেখিতে পাওয়া যায় না? তাঁহার গানগুলি জ্ঞান-প্রধান, রসের প্রধান্য তাহাতে নাই। তাঁহারা ভুলিয়া যান যে দেশব্যাপী কি পরিমাণ বৈষম্যের সঙ্গে ক্রমাগত যুদ্ধ করিয়া রামমোহনকে তখন-কার দিনে সুসমতার জন্যই সমগ্র চিত্তমনপ্রাণ দিয়া সাধনা করিতে হইয়াছে।

তুলসীদাস হাথরসীর মধ্যেও দুই প্রকার বাণী পাই। এক রকম সীমাহীন জ্ঞান-প্রধান বাণী, তার মধ্যে রস কম। অন্য রকম রসপ্রধান বাণী তার মধ্যে জ্ঞান ও সীমাহীনতার ভাব কম। তুলসীর ভক্ত সুরসাঈ তাঁহাকে ইহার হেতু জিজ্ঞাসা করিলে তিনি বলেন, "জ্ঞানের সঙ্গে অসীমতায় বিরোধ নাই। কিন্তু রস জিনিষটা বিশেষ ধর্ম্মী, তাহা বিশেষ স্থানের কালের পাত্রের বৈশিষ্ট্যের মধ্যেই বিকশিত হইতে পারে। পরব্রহ্ম যেখানে বিশ্বব্যাপী সমাত্মা যেখানে তিনি অবর্ণ নিরঞ্জন যেখানে তিনি বিশেষ মমাত্মা সেখানে তিনি রসময়। যেখানে বিশ্বযোগ আমি চাহিয়াছি সেখানে অসীম নিরঞ্জন আমার আশ্রয়, কাজেই জ্ঞানকেই প্রধানতঃ করিতে হইয়াছে অবলম্বন। যেখানে রসের লহরী লীলা চাহিয়াছি সেখানে বিশ্বযোগ ছাড়িয়া আপনার নিবিড় প্রেমে চাহিয়াছি তাঁর নিত্য বিচিত্র সংযোগ।"

"নিখিল নির্ব্বিশেষ, জোগ সমাত্ম জহঁ, অবরণ নিরংজন ব্রহ্মভাঈ।
জোগ মমাত্ম জহঁ, প্রেম বিশেষ তহঁ, প্রেমময় রসরঙ্গ লহরী উঠাঈ॥"

তাই তুলসীকে দেখি যখন বিশ্বযোগ তাঁর কাম্য তখন তিনি প্রধানতঃ আশ্রয় করিয়াছেন উপনিষৎকে। উপনিষৎ তাঁহার গভীর আশ্রয় ছিল। এই বিষয়ে তিনি রামমোহনেরই মত। হয়তো কাশীতে উভয়ে একই সময়ে একই ক্ষুধায় উপনিষদের মধ্যে অন্তরের পরম সত্যের সন্ধান করিতেছিলেন অথচ পরস্পর পরস্পরকে জানেন নাই। তুলসী যখন প্রেমের রস চান তখন তিনি বৈষ্ণব বা সূফী ভাবের মধ্যে ঝাপাইয়া পড়িয়াছেন। এই বিষয়ে মহর্ষি দেবেন্দ্রনাথের সঙ্গে তাঁহার তুলনা দেওয়া যায়। তবে দেবেন্দ্রনাথ বৈষ্ণব ভাবের উপরে তেমন নির্ভর করিতে সাহস পান নাই কারণ তাৎকালিক নানা দিক দেখিয়া তাহার সেরূপ ভরসা হয় নাই।

রামমোহন প্রধানতঃ বিশ্বের সর্ব্বত্র যোগ চাহিয়াছেন, সর্ব্বমানবের মধ্যে, জীবনের সর্ব্বক্ষেত্রে যোগ ও ঐক্য চাহিয়াছেন। তাই জ্ঞানই তাঁহার প্রধান আশ্রয়। তাহাকে পূর্ণ করিয়াছেন কর্ম্ম ও সেবার দ্বারা।

পিতৃকুল ও মাতৃকুল দিয়া রামমোহন বৈষ্ণব ও শাক্ত সাধনার সঙ্গে পরিচিত ছিলেন। এই উভয়বিধ সাধনার মধ্যে যে অসংযত রসোচ্ছ্বাস দেখিয়াছেন তাহাতে তিনি যদি আপনাকে ভাসাইয়া দিতেন তবে তাঁহার কাজ ও সহজ হইত ও চারিদিকের খুব সুলভ বাহবাও তিনি সহজেই লাভ করিতেন। কিন্তু দেশের ধর্ম্মসাধনার মধ্যে যে একটি গভীর যোগ ও সাম্যের অভাব তাহাই তাঁহার মনকে তখনও নিরন্তর পীড়া দিতেছিল আর তিনি ইহা বুঝিতে পারিয়াছিলেন দেশের সর্ব্ববিধ দুর্গতির মূলে ধর্ম্ম সাধনায় এই সামঞ্জস্যের অভাব।

তাই তিনি এই পথে গেলেন না। উপনিষদের আদর্শের স্বসমতা তাঁহার চিত্তমনপ্রানকে পরিতৃপ্ত করিল। তাই তাঁহার মূল মন্ত্রই হইল "ঈশা বাস্য মিদং সর্ব্বং যৎকিংচ জগত্যাং জগৎ।"

"এই জগতের যাহা কিছু সবই ঈশ্বরের দ্বারা আচ্ছাদিত জানিতে হইবে।" আবার কর্ম্মের সাধনায়ও ঈশোপনিষদের আদর্শের মতই তাঁহার কর্ম্মের আদর্শ হইল—"কুর্ব্বন্নেবেহ কর্ম্মাণি জী বিষেৎ শতং সমাঃ।"

"এই জগতে কর্ম্ম করিয়াই মানব যেন শত বৎসর বাঁচিতে চায়।" তিনি তাই তাঁর ব্রহ্মজ্ঞানের সঙ্গে নিরন্তর কর্ম্মের সাধনাকে যুক্ত করিয়াছিলেন।

এই ঈশোপনিষদের আদর্শেই তিনি পরা বিদ্যা ও অপরা বিদ্যা উভয়কে সাধনাতে যুক্ত করিয়াছিলেন, কারণ ইহার কোনোটাই অপরকে ছাড়িয়া সম্পূর্ণ নহে।

"অবিদ্যয়া মৃত্যুং তীর্ত্বা বিদ্যয়া হ মৃতমশ্নুতে।"

"অবিদ্যার দ্বারা মৃত্যুকে অতিক্রম করিয়া বিদ্যা দ্বারা অমৃতকে লাভ করিতে হয়।"

রামমোহনের স্বভাবে ও ধর্ম্ম সাধনার মূলে এমন একটি সুসঙ্গতজ্ঞানের দৃঢ় প্রতিষ্ঠা ছিল যে তাহাতে সুলভ উচ্ছ্বাস সম্ভবে না পরে যদি কেহ রাম-মোহনের সেই গভীর জ্ঞানের উপর প্রতিষ্ঠিত সাধনার দৃঢ় প্রতিষ্ঠাকে আশ্রয় করিয়া সেই অত্যুন্নত পর্ব্বতের উপর কবিত্ব রস ও ভাব উচ্ছ্বাসের বৈজয়ন্তী উড়াইতে পারেন তাহাতেও যথার্থ গৌরব হইবে সেই অটল সাধনার মূল প্রতিষ্ঠাতা রামমোহনেরই।

শুদ্ধ জ্ঞানের দ্বারা সাধনাকে একান্তমনে সুসঙ্গত করিতে গিয়া তিনি সাধনাতে ভাব-উচ্ছ্বাস এমন কি কবিত্ব রসের প্রতিও তেমন ঝোঁক দিতে পারেন নাই। হয়তো তাঁহার স্বভাবের মধ্যেও এই ভাবে সাধনার মূল নিহিত ছিল। তাঁহার জ্ঞানের সাধনাও তার সামঞ্জস্য হারাইত যদি তাঁহার সাধনার আর একদিকে গভীর ভাবে মানবসেবা না থাকিত। তাই মানব সেবার সর্ব্ববিধ ক্ষেত্রেই তিনি একান্ত নম্রভাবে ঐকান্তিকতার সহিত সাধনা করিয়া গিয়াছেন।

এখন তুলসী সাহেবের জীবনের মোটামুটি কতকটা আলোচনা করিলেই বুঝা যাইবে রামমোহনের সঙ্গে তাঁহার সময়গত ঐক্য থাকিলেও উভয়ের মধ্যে অন্তরগত মিল বা অমিল কোথায় এবং কি ভাবের।

তুলসী ছিলেন সন্ন্যাসী। পূর্ব্ব জীবনের সঙ্গে কাজেই তাহার পরবর্ত্তী জীবন বিচ্ছিন্ন হইয়া যায়। রামমোহন কোথাও এইরূপ বিচ্ছেদের দ্বারা জীবনকে খণ্ডিত করিতে দেন নাই। তুলসীর প্রধান সমস্যা ছিল তাঁহার আপন অন্তরের মধ্যে। সেখানেই তিনি বাহিরের সব ভেদ ও অনৈক্যকে যোগযুক্ত করিতে চাহিয়াছেন। রামমোহনের সমস্যা ছিল তাঁহার জীবনে সমাজে ও সর্ব্ব মানবের মধ্যে, কাজেই তাঁহার সাধনার ক্ষেত্র অতি বিশাল।

তুলসীদাস ও রামমোহন উভয়ই যোগী। তুলসী চাহিয়াছেন বিশ্বজগৎকে আপনার ঘটের মধ্যে পাইতে, তাই তিনি ঘটযোগী বা হঠযোগী। রামমোহন চাহিয়াছেন আপনাকে বিশ্বে সর্ব্বত্রব্যাপ্ত যুক্ত করিতে, তাই তিনি বিশ্বযোগী।

ধর্ম্ম সাধনা ও জীবনের অন্যান্য সাধনাকে মধ্যযুগে লোকে বিভিন্ন বলিয়া জানিতেন। তাহাকেই লোকে বলে "মধ্যযুগতা" (medievalism)। তুলসীর ও অল্পাধিক পরিমাণে সেই ভাব ছিল। রামমোহনই এই বিচ্ছেদকে আপন জীবন দিয়া দূর করিতে চাহিয়াছিলেন।

উচ্চনীচ সকলেরই ধর্ম্মে সমান অধিকার জন্মগত বা এইরূপ কোনো বাহ্য কারণে কাহারও অধিকার সঙ্কীর্ণ হয়না ইহাতে তুলসী ও রামমোহন একমত ছিলেন, বোধহয় এজন্য তুলসী তাঁহার সর্ব্বশক্তি লইয়া লড়িয়াছেন।

সম্প্রদায়গত ভেদে মানুষের কিছু আসে যায় না, সকল সাধনার মধ্যেই একটি অন্তরগত গভীর ঐক্য আছে ইহা তুলসী ও রামমোহন উভয়েই গভীর ভাবে বিশ্বাস করিতেন।

নারীদের অধিকার সম্বন্ধে তুলসী কিছুই বলেন নাই, রামমোহন সে ক্ষেত্রে যথেষ্ট কাজ করিয়াছেন। তাহা ছাড়া শিক্ষা, সাহিত্য, কালচার, রাজনীতি, সমাজনীতি, অর্থনীতি, প্রভৃতি সর্ব্বক্ষেত্রে প্রাচ্য ও পাশ্চাত্যের মধ্যে যে যোগের জ্বলন্ত আদর্শ ও তপস্যা রামমোহনের জীবনে ছিল তাহা সেই যুগের আর কাহারও মধ্যে দেখি না। রামমোহনের বিশেষত্ব এইখানেই। যাহা হউক এই প্রসঙ্গে তুলসীদাস হাথরসীর জীবন-চরিত কতটা জানা যায় তাহা একবার দেখা যাউক।

তুলসী সাহেবের পূর্ব্ব নাম কি ছিল তাহা ঠিক জানা যায় না। কেহ বলিয়াছেন তাঁহার পূর্ব্ব নাম ছিল শ্যামরাও। কিন্তু ইহার তেমন কিছু প্রমাণ নাই। তাঁহার সাধনার জীবনের নাম কেন তুলসী সাহেব হইল তাহা পরে বলা যাইবে।

তাঁহার জীবনের কথা বেশী কিছু জানা যায় না। সামান্য একটু খবর পাই তাঁহারই স্বরচিত ঘটরামায়ণে ও সুরত বিলাস গ্রন্থে। ভক্তদের "হদীস" ও আখ্যান হইতেও কিছু সন্ধান মেলে। সেই সব মিলাইয়া দেখিলে মনে হয় ১৭৬০ খৃষ্টাব্দের কাছাকাছি তাঁহার জন্ম। ১৭৭৭ খৃষ্টাব্দের কাছাকাছি অর্থাৎ অতি অল্প বয়সে তিনি সংসার ছাড়িয়া বাহির হন। ১৮৪২ খৃষ্টাব্দের জ্যৈষ্ঠ মাসের শুক্লপক্ষে দ্বিতীয়া তিথিতে তাঁহার মৃত্যু হয়। সেই সময় তাঁহার বহু শিষ্য তাঁহার সাধনা ও সমাধিস্থান যোগিয়া গ্রামে সমবেত হন। যোগিয়া গ্রামটি হাথরস নগরের পাশেই। তাই হাথরস হইতেই তাঁহার নাম হয় তুলসী দাস "হাথরসী" বা তুলসী সাহেব। হিন্দি ভাষায় রামায়ণ প্রণেতা বিখ্যাত ভক্ত তুলসী দাস হইতে পৃথক করিয়া বুঝিবার জন্য ইহার নামে বিশেষ ভাবে "হাথরসী" কথাটি যুক্ত করা হয়।

কথিত আছে পূর্ব্ব আশ্রমে ইনি একজন রাজপুত্র ছিলেন। পুণাতে পেশওয়া পরিবারে তাঁহার জন্ম। একটি মতে দেখি তিনি নিজে পেশওয়া পুত্র এবং শেষ পেশওয়া দ্বিতীয় বাজীরাওর জ্যেষ্ঠ সহোদর ছিলেন। তখন তাহার নাম নাকি ছিল শ্যামরাও। তাঁহার বিবাহও হইয়াছিল। তাঁহার স্ত্রীর



Raja's family residence and Residence at Calcutta.

নাম ছিল লক্ষ্মীবাঈ। গৃহত্যাগের পূর্ব্বে তাঁহার একটি পুত্রও নাকি জন্মিয়াছিল। কিন্তু এই সব কথা সকল ভক্তজনসম্মত নয় এবং তাহা প্রমাণেও টেকে না।

১৭৭২ খৃষ্টাব্দের ১৮ই নবেম্বর তারিখে চতুর্থ পেশোয়া মাধোরাও পুণার সাতক্রোশ পুর্ব্বে ঠেবর গ্রামে ২৮ বৎসর বয়সে নিঃসন্তান অবস্থায় মারা গেলেন। তাঁহার সাধ্বী পত্নী রুক্মাবাঈ তাঁহার সহমৃতা হইলেন। মাধোরাওর কনিষ্ঠ ভ্রাতা নারায়ণ রাও তাহার পরের মাসেই পেশোওয়ার পদে প্রতিষ্ঠিত হইলেন। ইনি হইলেন পঞ্চম পেশোয়া। ইহাঁর রাজত্বের নয়মাস পূর্ণ না হইতেই ইনি ১৭৭৩ খৃষ্টাব্দে ৩০শে আগষ্ট ইহার পিতৃব্য রঘুনাথ রাও বা রাঘব কর্ত্তৃক নিহত হইলেন।

রঘুনাথ রাও বা রাঘবের একান্ত ইচ্ছা তিনিই স্বয়ং পেশওয়া হন। কিন্তু নারায়ণ রাওর পত্নী ছিলেন অন্তঃসত্বা। ১৭৭৪ খৃষ্টাব্দের ১৮ ই এপ্রিল তাহার এক পুত্র হইল। ইনিই ষষ্ঠ পেশওয়া মাধোরাও নারায়ণ। ইনি একুশ বৎসর বয়সে আত্মহত্যা করেন।

দ্বিতীয় বাজীরাও ছিলেন রঘুনাথ রাও বা রাঘবের পুত্র। রঘুনাথ রাও পেশওয়া পদ দাবী করিলেও তাহা টেকে নাই। রঘুনাথের স্ত্রী আনন্দীবাঈর গর্ভে দুই পুত্র জন্মে। প্রথম হইলেন দ্বিতীয় বাজীরাও ও দ্বিতীয় হইলেন চিমনাজী আপ্পা। বাজীরাওর জন্মের পূর্ব্বে রঘুনাথরাও একটি কঙ্কণস্থ ব্রাহ্মণ শিশুকে পোষ্যরূপে গ্রহণ করিয়াছিলেন, তাহার নাম অমৃত রাও। এই বাজীরাওরই পুত্র সিপাহী বিদ্রোহে বিখ্যাত নানা সাহেব।

নামে পেশওয়া হইলেও ইনি কখনও স্বাধীনতার আস্বাদ পান নাই। নানাফারণবিষের কড়া শাসনে ইনি জীবনের প্রতি বীতশ্রদ্ধ হইয়া উঠিয়াছিলেন। ১৮৯৫ খ্রীষ্টাব্দের বিজয়া দশমীর উৎসবের দিন ইনি যথারীতি নিজ কার্য্য করিলেন। তাহার তিনদিন পরেই ২৫শে অক্টোবর তারিখে প্রভাতে তাঁহার প্রাসাদের বারাণ্ডা হইতে লাফ দিয়া নীচে পড়েন। দুই দিন পরে তিনি মারা যান। মৃত্যু-শয্যায় তিনি বলিয়া যান যে তাঁহার জ্ঞাতি বাজীরাও যেন পেশওয়া হন।

কিছুকাল ধরিয়াই মহারাষ্ট্র রাজ্য জুড়িয়া বিষম গোলযোগ চলিতেছিল। বাজী রাও এর পিতা রঘুনাথ রাও নারায়ণ রাও এর মৃত্যুর পরেই নিজে পেশওয়া পদ দাবী করেন। সে জন্যই আসলে নারায়ণ রাওকে হত্যা করা হয়। কিন্তু তাঁহার পুত্র জন্ম গ্রহণ করায় সে সাধ পূর্ণ হয় নাই।

তুলসী সাহেবের জন্ম যদি ১৭৬০ এর কাছাকাছি হইয়া থাকে তবে তাঁহার

কিছু দাবী ছিল। হয় তো এই সব নানা গোলমাল দেখিয়া, তাঁহার মন সংসারে এবং রাজ্যে বীতশ্রদ্ধ হয়। ১৭৭৭ খ্রীষ্টাব্দে অতি অল্প বয়সে এই তরুণ রাজপুত্র সংসার ছাড়িয়া বাহির হইয়া গেলেন।

যাহা হউক অনেক গোলমালের পরে মাধোরাওর নির্দ্দিষ্ট দ্বিতীয় বাজীরাও হইলেন পেশওয়া। ইনিই সপ্তম অর্থাৎ শেষ পেশওয়া। ১৭৭৪ খৃষ্টাব্দের শেষভাগে তাঁহায় জন্ম। ১৭৯৬ খৃষ্টাব্দের ৪ঠা ডিসেম্বর তারিখে ২২ বৎসর রয়সে তিনি সিংহাসনে বসিলেন। বাজীরাও জন্মিবার ৩ বৎসর পরেই তুলসী সাহেব সংসার ছাড়িয়া বাহির হইয়া যান।

বাল্যকালে ইনি যখন সংসারে ছিলেন, তখন নানা রাজনৈতিক গোলমালের মধ্যে তাহার একমাত্র সান্ত্বনা ও আশ্রয় ছিল হিন্দী তুলসীদাসের রামায়ণ। একজন রামভক্ত সাধুর নিকট তিনি ইহা যত্নে অভ্যাস করেন। এই গ্রন্থে তিনি একেবারে তন্ময় হইয়া গিয়াছিলেন। এই গ্রন্থের প্রভাবে বাল্য-জীবনে রামের চরিত্রের প্রতি তাহার একান্ত অনুরাগ হয়। এই রামায়ণের ভাবস্বপ্নে বিভোর হইয়া তিনি মনে করিতেন যে পূর্ব্ব জন্মে তিনি তুলসীদাস ছিলেন। তাই তিনি সংসার ছাড়িয়া তুলসীদাস নাম-ই গ্রহণ করেন। ভক্তেরা ইঁহাকে পৃথক করিয়া বুঝাইতে গিয়া ইঁহার নামে "হাথরসী" শব্দ যোগ করেন।

তাঁহার নাম তো দেখিতেছি তুলসীদাস; তবে তাঁহাকে তুলসী সাহেব বলা হয় কেন? এই "সাহেব" শব্দটীর মধ্যে অনেক কথা নিহিত আছে। যাঁহারা সুফী ভাবের সাধনার সঙ্গে যুক্ত অথবা মুসলমান ভাবের সাধনার প্রতি অনুরাগী সাধারণতঃ তাঁহাদিগকেই "সাহেব" বলে।

মুসলমান ধর্ম্মের প্রবল আক্রমণে যাহাতে ব্রাহ্মণ্য ধর্ম্মের প্রতিষ্ঠানভূমি দিনে দিনে না নষ্ট হইয়া যায় প্রধাণতঃ সেইজন্যেই চিরদিন মহারাষ্ট্র রাজশক্তি লড়িয়াছেন। পেশওয়ারা ব্রাহ্মণ কাজেই তাঁহাদের সমগ্র শক্তি ব্রাহ্মণ-প্রাধান্য স্থাপনে বিশেষ উদ্যোগী ছিল। এইজন্য মুসলমান ধর্ম্মের সকল বিরুদ্ধতার সঙ্গে ইঁহারা প্রবল-ভাবে লড়িয়াছেন। সেই সময় ধর্ম্মে ধর্ম্মে শক্তিতে শক্তিতে এই দ্বন্দ্ব প্রবলভাবে চলিয়াছে—ঠিক সেই সময়েই সেই বংশেরই একজন মহা-সাধক তাঁহার সকল সাধনা দিয়া চাহিতেছেন সুফী সাধনার সঙ্গে হিন্দু সাধনাকে যুক্ত করিতে।

মুসলমান রাজবংশের মধ্যে যে এইরূপ দৃষ্টান্ত নাই তাহাও নয়। যখন দিল্লীপতিরা হিন্দু দেবতাও হিন্দু দেবালয় চূর্ণ করিয়া মুসলমান ধর্ম্মের জয় পতাকা প্রতিষ্ঠিত করিতে উদ্যোগী তখন দারাশিকো তাঁহার পিতামহ আকবরের

ভাবমন্ত্রে দীক্ষিত হইয়া অন্তরঙ্গ মণ্ডলী লইয়া হিন্দু ও মুসলমান ধর্ম্ম ও কালচারের সমন্বয় করিতে গৃহীতব্রত—এমন কি স্বয়ং আওরংজেবের পুত্র আজমসাহ ছিলেন বৈষ্ণব সাহিত্যের একজন প্রধান আশ্রয়। প্রথিত বৈষ্ণবলীলাকবি বিহারীলাল চৌবের সপ্তশতীর সর্ব্বাপেক্ষা উৎকৃষ্ট সংগ্রহ হইল আজম সাহেব! কিশোর ব্রাহ্মণদের কবি তাঁহার প্রথম কাব্য শুনাইলেন গিয়া আজম শাহকে। মোল্লা মৌলবীর দল কত আক্ষেপ করিয়া বলিলেন,—আওরেংজেবের পুত্র হইয়া আজমশাহের একি দুর্ম্মতি! কিন্তু তাহাতেও তাঁহার এই দুর্ম্মতি শোধরায় নাই।

তুলসী সাহেব সংস্কৃতে বুৎপন্ন ছিলেন। তিনি আপন ধর্ম্মের গভীরতম সত্যগুলিকে বিশুদ্ধ ভাবে জানিবার জন্য আসিলেন কাশীতে। নানা শাস্ত্র দর্শন বেদ বেদান্ত সব দেখিয়াও তাঁহার মনের অভাব পূর্ণ হইল না। তখন তিনি নানা সম্প্রদায়ের নানা সাধনা ও বাণীর সন্ধান কাশীতে অনেকটা পাইয়া আরও ভাল ভাবে তাহা জানিবার জন্য নানা স্থানে ঘুরিয়া বেড়াইতে বাহির হইলেন। তিনি কবীর, নানক, দাদু, নাভা, মীরাবাঈ, সূরদাস, সুরতগোপাল, ধর্ম্মদাস, চরণ-দাস প্রভৃতির সাধনার সঙ্গে ঘনিষ্ঠভাবে পরিচিত হন। তাঁহার ঘটরামায়ণ গ্রন্থ পড়িলেই ইহা বুঝা যায়। ইহা ছাড়া ইনি যোগী গোরখনাথের মতের সঙ্গেও পরিচিত হন, ও যোগ স্থাপন করেন। তাহাতেও তাঁহার তৃপ্তি না হওয়ায় তিদি আজমীর, দিল্লী, পাকপত্তন প্রভৃতি স্থানে মুসলমান শাস্ত্রও গভীর ভাবে অধ্যয়ন করেন ও পরে দিল্লীর বাব্‌রী সাহেবের প্রবর্ত্তিত নব সুফীবাদের মতবর্ত্তী সাধকদের সঙ্গে পরিচিত হন।

ইহাতেই বুঝা বায় কি বিরাট দিল তুলসী সাহেবের আধ্যাত্মিক ক্ষুধা। এই ক্ষুধা দেখিয়া সকল সময়েই রামমোহনকে মনে হয়। তুলসী সাহেব রাম-মোহনের দশ বার বৎসর পূর্ব্বে জন্মগ্রহণ করেন। যখন রামমোহনের পাঁচ বৎসর বয়স তখন তুলসী সাহেব তরুণ বয়সে সংসার ছাড়িয়া বাহির হন। রামমোহন যখন পাটনায় মুসলমান শাস্ত্র পড়িতে ছিলেন তখন খুব সম্ভব তুলসী সাহেবও দিল্লীতে বসিয়া মুসলমান শাস্ত্র অধ্যয়ন করিতেছিলেন। রামমোহন ১৮০৪—১৮০৫ খৃষ্টাব্দে একেশ্বরবাদীদের প্রদত্ত "উপহার" গ্রন্থ বাহির হইবার পূর্ব্বেই তুলসী সাহেবের ধর্ম্মসমন্বয়ের বাণীগুলি বাহির হইতে আরম্ভ হয়। তাহার কিছু নমুনা দিবার অবসর এখানে নাই।

সকল সাধনা ও সাধকের উপরেই তুলসী সাহেবের ছিল অটুট শ্রদ্ধা অথচ কোন বিশেষ "বাদে"র মধ্যে তিনি বদ্ধ হন নাই। তাহা বুঝি তাঁহার ঘট রামায়ণের "পূর্ব্ব জনম কা হালের মধ্যে এই পংক্তিটী দেখিয়া

"মিলৈ কোই সংত ফিরৌ তেহি লারে।" (১৭)

"মিলিত যদি কোন সাধক তো ফিরিতাম তাঁরই সঙ্গে"।

যদিও তাঁহার "সংত মতভেদ বরননে" দেখি

"তুলসী সংত দয়াল নিজ নিহয়ল মো কৌ কিয়ৌ

লিয়ৌ সরলকে মাহিঁ জাই জখ ফির কর জিয়ৌ"

অর্থাৎ দয়াল সাধক আমাকে ধন্য করিলেন আপন শরণে তিনি আমাকে আশ্রয় দিলেন। আমি নতুন জীবনে নব জন্ম লাভ করিলাম। এই কথাগুলি তিনি কোন বিশেষ সাধক সম্বন্ধে বলেন নাই। সকল সাধকগণের প্রতি উচ্চারিত এই তাঁহার কৃতজ্ঞতার বাণী।

যেখানে তিনি বলিলেন "মিলে কৌই সংত ফিরৌ তেহিলারে" তাহার পরের পংক্তিতেই তিনি বলিলেন, "সাধকজনের সঙ্গ আমার বড়ই প্রিয়" যাহাই হৌক বিশেষ ভাবে তিনি কখনও কাহাকেও আশ্রয় করিয়া থাকিলেও ভক্তদের মধ্যে প্রথিত আছে তিনি স্বয়ংসিদ্ধ ছিলেন।

অবশেষে আপনার অন্তরের মধ্যে তিনি পরম-সত্যের সাক্ষাৎকার পাইলেন। অন্তর বাহির সকল বিশ্ব যখন সেই সত্যে যুক্ত দেখিলেন প্রথম তিনি শান্ত হইয়া হাথরসের নিকটবর্ত্তী যোগিয়া গ্রামে আসিয়া বসিলেন। এখানে তাঁহার এক অন্তরঙ্গ অনুরাগী মণ্ডলী গড়িয়া উঠিল। জীবনের অবসান পর্য্যন্ত প্রধানত তিনি এইখানেই বাস করিয়া গিয়াছেন।

বাল্য জীবনে যিনি একান্তভাবে রামায়ণকে আশ্রয় করাতে আপনাকে তুলসীদাস বলিয়াই মনে করিতেন সেই তিনিই যে পরে কত অসাম্প্রদায়িক হইয়া যান তাহার সাক্ষ্য মিলিবে তাঁহার বাণী ও উপদেশ হইতে। তাঁহার অনেক বাণী দেখিয়া মনে হয় তিনি বুঝি মুসলমান সূফী হইয়া গিয়াছেন। তিনি সকল ধর্ম্মের সকল জাতির কাছে জীবনের পরম সত্যকে সমান উন্মুক্ত করিতে চাহিয়াছিলেন এবং সেই ভাবেই তাঁহার আপন সাধনাকে অগ্রসর করিয়া গিয়াছেন।

তাঁহার শিষ্যদের মুখ্য দুইজনের নাম পাই যাঁহারা তাঁহার বাণীগুলিকে একত্র করিয়া পরবর্ত্তী কালের জন্য রাখিয়া যান। তার মধ্যে একজনের নাম ছিল সুরসাঈঁ। ইনি ছিলেন জন্মান্ধ; তুলসী সাহেবের কৃপায় তাহার জ্ঞান নেত্র খুলিয়া যায়।

অন্যজনের নাম রামকৃষ্ণ। তিনি জাতিতে মেষপালক। তাঁহার ভয় ছিল যদি তুলসীসাহেব তাঁহাকে আপন মণ্ডলীর মধ্যে স্থান না দেন। তাই তিনি বাহিরে নীচে লুকাইয়া উহাদের ভগবৎপ্রসঙ্গে যোগ দিতেন। একদিন তুলসী

সাহেব তাহা টের পাইয়া তাঁহাকে সাদরে আপনাদের মধ্যে গ্রহণ করিলেন ও তাঁহাকেই তাঁহার বাণী সংগ্রহের ভার দিলেন। রামকৃষ্ণ বলিলেন ;— আমি নিরক্ষর। তুলসী বলিলেন অন্তরের অক্ষর যদি মিলিয়া থাকে তবে এজন্য তোমার কোন বাধা হইবেনা। পরে রামকৃষ্ণ একজন বড় সাধকের মধ্যে পরিগণিত হইলেন।

তুলসী সাহেব কোন প্রকার কেরামতি বা যোগসিদ্ধি দেখাইবার পক্ষপাতী ছিলেন না। একবার একজন ধনী বণিক তাঁহাকে সৎকার করিয়া তাঁহার কাছে পুত্রবর প্রার্থনা করিলেন। তুলসী সাহেব বলিলেন, "বাবা আমার কাছে কি এই বর প্রার্থনা করা উচিত ? সাংসারিক সিদ্ধি ও ঐশ্বর্য্যের সঙ্গে তো আমাদের কোন সম্বন্ধ নাই। তোমার যদি পুত্র না হইয়া থাকে তবে অন্যত্র প্রতিকার কর। আমার সঙ্গে ভাবভক্তি ও মুক্তির সম্বন্ধ, এ সব প্রসঙ্গ তোমার সঙ্গে নহে।" এই কথা বলিয়া তিনি সেই স্থান হইতে প্রস্থান করিলেন।

বাজীরাও ১৮১৮ খ্রীষ্টাব্দের ৩রা জুন তারিখে সার জন মালকমের নিকট আত্মসমর্পণ করেন। তাঁহাকে পদচ্যুত করিয়া মার্কুইস অফ হেষ্টিংসের আজ্ঞানুসারে কানপুরের নিকট বিঠুরে লইয়া যাওয়া হইল। রাজঐশ্বর্য্য হইতে ভ্রষ্ট হইয়া বাজীরাও অগত্যা গঙ্গাতীর আশ্রয় করিলেন।

এই খবর তুলসী সাহেবের নিকট পৌছিলে তিনি কি জানি কি ভাবিয়া বিঠুরে যাত্রা করিলেন। সংসার ত্যাগের পর তাহার ৪২ বৎসর হইয়া গিয়াছে তবু কেন যে তিনি বাজীরাওর সঙ্গে সাক্ষাৎ করিতে মনে মনে ইচ্ছা করিলেন তাহা বলা কঠিন। তুলসী সাহেব বিঠুরে পৌছিয়া অন্যান্য সাধু সন্তদের মত গঙ্গাতে স্নানে নামিয়াছেন এমন সময় দেখেন এক দীন শূদ্র ঘাটের একপ্রান্তে স্নান করিতেছিল তাহার প্রক্ষিপ্ত জলের ছিটা এক সন্ধ্যারত ব্রাহ্মণের গায়ে পড়িল। ব্রাহ্মণ তো অগ্নিমূর্ত্তি! শূদ্র অতি দীনভাবে কহিল, "প্রভু আমি তো ঘাটের যতদূর সম্ভব প্রান্তে আসিয়াছি, তবে যদি জলের ছিটা লাগিয়া থাকে তবে ক্ষমা করুণ।" ব্রাহ্মণতো কিছুতেই ছাড়েন না। তখন তুলসী ব্রাহ্মণকে কহিলেন, "কেন ঠাকুর তুমি উহার উপর এত খাপ্পা হইয়াছ ?" ব্রাহ্মণ কহিলেন, "দেখ তো বাবা, আমি পবিত্র গঙ্গাস্নান করিয়া শুদ্ধ হইয়া সন্ধ্যায় রত হইয়াছি এমন সময় এই অপবিত্র শূদ্রের জল আমাকে অশুদ্ধ করিয়া দিল।" তুলসী জিজ্ঞাসা করিলেন, "শূদ্র কেন এত অপবিত্র ?" "ব্রাহ্মণ কহিলেন, ভগবানের মুখ হইতে ব্রাহ্মণ, পদ হইতে হইল শূদ্র তাইতো সে সদা অশুচি।" তুলসী কহিলেন, "গঙ্গা কেন এরূপ সর্ব্বপাবনী ?" ব্রাহ্মণ

কহিলেন, "সে যে ভগবানের পাদোদ্‌ভবা!" তখন তুলসী কহিলেন, "চমৎকার তো তোমার শাস্ত্রের যুক্তি! যে পদে সম্ভূতিবশতঃ গঙ্গা হইলেন সর্ব্বলোকপাবনী সেই পাদসম্ভূতিহেতুকই শূদ্র হইল সদা অশুচি!"

"যেই চরণ হইতে জল জনমিয়া হইল এমন পবিত্র যে নিশিদিন তরায় সকলকে, সেই চরণ হইতেই মানব জন জনমিয়া হইল এমন অপবিত্র যে সে সদাই ক্ষুদ্র নীচ, হীন, মলিন!"

"জোহি চরণ সোঁ জনম লেই জল তারে জগত নিশিদিন
সোহি চরণ সোঁ জনম লেই জন, ক্ষুদ্র নীচ হীন মলিন॥"

এই সুন্দর যুক্তি শুনিয়া ব্রাহ্মণ পরে বুঝিতে পারিয়া অতিশয় লজ্জিত হইলেন। এই সব কথা যখন চলিতেছে তখন বাজী রাওএর সঙ্গে আগত এক বৃদ্ধ মহারাষ্ট্র পণ্ডিত ৪২ বৎসর পরে দেখিয়াও তুলসী সাহেবকে চিনিতে পারিলেন। এবং বাজীরাও এর কাছে আসিয়া কহিলেন, আপনার পূজ্য জ্যেষ্ঠ ভ্রাতা এখানে সাধুবেশে গঙ্গাতীরে আছেন। বাজীরাও এই কথা শুনিয়াই ছত্র পাদুকাদি ত্যাগ করিয়া তাহার সহিত সাক্ষাৎ করিতে আসিলেন। বাজী রাওএর রাজ্যচ্যুতি নির্ব্বাসন প্রভৃতি দেখিয়া তুলসী অতিশয় দুঃখিত হইয়াছিলেন; তবু তিনি বাজী রাওকে শুধু বলিলেন, "ভাই! দুঃখ অনেক পাইয়াছ সেজন্যে আমি দুঃখিত। কিন্তু তাহা হইতেও আমি বেশী দুঃখ বোধ করি যখন মনে হয় মানব-সেবার কত বড় সুযোগ পাইয়াও তুমি সেই সুযোগের যোগ্য ব্যবহার কর নাই।" এইসব ঘটনা ঘটে ১৮১৯ খৃষ্টাব্দের প্রথম ভাগে।

তুলসী সাহেবকে বাজীরাও নিজ বাড়ীতে লইয়া যাইতে চাহিলেন, তুলসী কিছুতেই রাজী হইলেন না। দুই একদিন সাক্ষাতের পর তুলসী আপন-পথে যাত্রা করিয়া গেলেন। ইহার পর হইতে তুলসীর প্রধান কাজ হইল জাতি হিসাবে হীন ও অনুন্নতদের সঙ্গে মিলিয়া গভীর ভাবে ধর্ম্ম সাধনা করা। অন্তরের গভীর সত্য উপলব্ধি করার সঙ্গে যে সব গভীর বাণী তাঁহার মুখ হইতে বাহির হইত মেষপালক-জাতীয় গড়েরিয়া ভক্তরামকৃষ্ণ তাহা লিখিয়া রাখিতেন। তাঁহার বাণীর মধ্যে শব্দাবলী, ঘট রামায়ণ ও রত্নাবলী সমধিক প্রসিদ্ধ। রত্ন-সাগরে বহু চমৎকার গল্পে উপদেশ (Parable) পাওয়া যায়।

সকল ধর্ম্মের মূলে যে এক গভীর সত্য আছে, সকল মানবের ও সকল সম্প্রদায়ের সাধনাই যে সর্ব্ব মানবের সাধারণ সম্পত্তি; এই সম্পত্তিতে যে

ধনী-নির্ধন উচ্চ-নীচ নির্ব্বিশেষে সকলের সমান অধিকার, এই কথা তিনি সারা-জীবন বুঝাইতে চেষ্টা করিয়াছেন। "জপ-তপ আচারে, তীর্থ ব্রত উপবাসে যে ধর্ম্ম নহে, ধর্ম্ম যে আমাদের জীবনে ও অন্তরে তাহা তিনি বারবার বলিয়াছেন। কেহ মসজিদে, কেহ মন্দিরে বসিয়া, কেহ শিলা জল-প্রতিমা পূজা করিয়া, কেহ পাঁচ বার নেমাজ পড়িয়া যে মনে করে জীবনের কর্ত্তব্য পূরা করিলাম তাহা নিতান্তই ভ্রম।"

বহু লোক তাঁহাকে শ্রদ্ধা করিলেও সমগ্র দেশের মধ্যে কয়জন লোকই বা তাঁহার মহৎ আদর্শ গ্রহণ করিতে পারিয়াছিল! তাই মৃত্যুকালে তিনি তাঁর শিষ্য রামকৃষ্ণকে কহিলেন "প্রভুর আদেশ লইয়া যে আসিয়াছিলাম তাহাতো পূর্ণ ভাবে সিদ্ধ করিতে পারি নাই; আমার সর্ব্বশক্তি ইহাতে প্রয়োগ করিয়াছি। ক্ষুদ্র দীপ আমি, আমার সমস্ত তেল নিঃশেষে দিয়া তাঁহার জন্য আলোক শিখা জ্বালাইয়াছি। সব অন্ধকার দূর যে হয় নাই, তাই তোমাদের দায়িত্ব রহিল, এই শিখাকে তোমাদের জীবন দিয়া হইবে সদা জাগ্রত রাখিতে। আমার এই অপূর্ণতাতেই এই দায়িত্ব আরও বিশেষ ভাবে তোমাদের বহন করিতে হইবে। যাঁহারা আমার পরে আসিতেছেন তাঁহাদের সাধনা ধন্য হউক্; তাঁহাদের জন্য আমার সাধনা ও আমার প্রণতি রাখিয়া গেলাম।"

১৮৪২ খ্রীষ্টাব্দের জ্যৈষ্ঠ মাসে শুক্লাদ্বিতীয়া তিথিতে তিনি দেহত্যাগ করেন। রামমোহনের বছর দশেক পূর্ব্বে তিনি পৃথিবীতে আসিয়াছিলেন, আর বছর নয়েক পরে পৃথিবী হইতে বিদায় গ্রহণ করিলেন।

হিন্দী ভাষায় রামমোহন

শ্রীহাজারীপ্রসাদ দ্বিবেদী—শান্তি-নিকেতন।

হিন্দী গদ্যের খুব বিস্তৃত পুরাতন ইতিহাস নাই। পুরাতন হিন্দী সাহিত্যে দেখিতে গেলে দেখা যায় 'দেব' প্রভৃতি কয়েকজন কবি কিছু গদ্য লিখিয়াছেন কিন্তু তাহা অতি সামান্য। কয়েকটি খুব প্রসিদ্ধ গ্রন্থের টীকা ব্রজভাষা গদ্যে লেখা হইয়াছে, তাহা ছাড়া অধ্যাপক ক্ষিতিমোহন সেন মহাশয় দাদূপন্থী সাধকদের কয়েকটি গদ্য পুস্তকের সন্ধান পাইয়াছেন। 'জটমল' নামক একজন গদ্য লেখকের পুস্তকের আলোচনা মিশ্র বন্ধুরা করিয়াছেন কিন্তু উক্ত লেখকের বংশধর শ্রীপূরণচন্দ্র নাহর মহাশয় বলিয়াছেন যে জটমলের মূল বইখানি গদ্যে নয়, পদ্যে। "কাশী নাগরী প্রচারিণী সভার" রিপোর্টের মধ্যে আরও কয়েকটি গদ্য পুস্তকের নাম পাওয়া যায়, কিন্তু যে ভাষা নিজের প্রাচীন সাহিত্যের বিপুলতায় উত্তর ভারতের সর্ব্বশ্রেষ্ঠ ভাষা বলিয়া গণ্য হয় তাহার সাহিত্যের ৮০০ বৎসর ব্যাপী বিরাট ইতিহাসে এইটুকু গদ্য যে নিতান্ত অল্প তাহা না বলিলেও চলে।

উপরে যে গদ্যের কথা বলা গেল সে গদ্য আজকালকার হিন্দী গদ্য নয়। লল্লূজী লালকেই বর্ত্তমান যুগের হিন্দী গদ্যের প্রথম লেখক বলিয়া অনেকে মনে করেন। ইনি ফোর্ট উইলিয়াম কলেজের অধ্যাপক ছিলেন এবং সেই সূত্রে "প্রেম সাগর" নামে একটি গদ্য গ্রন্থ লেখেন। সদল মিশ্র নামে আর একজন অধ্যাপকও সেই কলেজে অধ্যাপনা করিতেন। তিনি "নাসিকেতোপাখ্যান" নামে আর একটি গদ্য গ্রন্থ লেখেন। এই দুইখানি বই ইং ১৮০১ খৃষ্টাব্দে লেখা হয়। তাহার মধ্যেও শুধু "প্রেম সাগর" ইং ১৮০৭ সালে ছাপা হয়। কিন্তু ইহাদের পূর্ব্বে মুংশী সদাসুখ লাল বলিয়া আর একজন লেখক সমগ্র ভাগবতের হিন্দী গদ্য অনুবাদ করিয়াছিলেন। এই অনুবাদের নাম "সুখসাগর"। সুখসাগর যদিও হিন্দী ভাষাতে লেখা হইয়াছিল তবুও উহার লিপি ছিল পারসী। ফোর্ট উইলিয়ামের অধ্যাপকদের পরে মুংশী ইংশা অল্লা খাঁ নামক জনৈক মুসলমান ভদ্রলোকের হিন্দী গদ্য পাওয়া যায়। ইনি "রাণী কেতকী কী কহানী" নামে একটি কথাপুস্তক লেখেন। তার ভাষার সম্বন্ধে তাঁহার প্রতিজ্ঞা ছিল যে তাহাতে একটিও আরবী

কিংবা পারসী শব্দ লেখা হইবে না। কিন্তু সেই পুস্তকও উর্দু অক্ষরেই লেখা হইয়াছিল। ১৮১০-১১ সালের কাছাকাছি ইংশাঅল্লা খাঁ তাঁহার পুস্তকটি প্রণয়ন করেন। আমরা তাঁহার সঠিক সময়ের সম্বন্ধে বিশেষ কিছু জানি না তবে ১৮৫২ খৃষ্টীয় সালে বেঙ্গল এশিয়াটিক সোসাইটির জর্ণেলে ধারাবাহিক রূপে "রাণী কেতকী কী কহানী" ছাপান আরম্ভ হইয়া গিয়াছিল। এই বই ১৮৫৫ খৃষ্টাব্দ পর্য্যন্ত প্রকাশিত হইয়াছিল। এই জর্ণলেও এই পুস্তকের লিপি পারসীই ছিল।

সকলেই মনে করেন যে তাহার পর ৬০ বৎসর পর্য্যন্ত হিন্দী গদ্যের আর কোনও পুঁথিপাতি পাওয়া যায় নাই। এই পর্য্যন্ত হিন্দী গদ্যের ঐতিহাসিকেরা একস্বরে এই কথাই বলিয়া আসিয়াছেন। কিছুদিন হইল রাজা রামমোহনের জীবনচরিত এবং গ্রন্থাদি আলোচনা করিতে গিয়া দেখি আমাদের এই বিশ্বাস ভুল। কারণ, রাজা রামমোহন ১৮১৫ খৃষ্টাব্দে বেদান্ত-সূত্রের হিন্দী অনুবাদ প্রকাশিত করিয়াছিলেন। ১৮১৬ খৃষ্টাব্দে তাঁহার আর একটী ক্ষুদ্র পুস্তিকা হিন্দীতে প্রকাশিত হইয়াছিল। এই পুস্তিকার বিষয় ছিল কাশীর সুপ্রসিদ্ধ পণ্ডিত "সুব্রহ্মণ্য শাস্ত্রীর সহিত শাস্ত্রার্থ।" এই শাস্ত্রার্থটি হইয়াছিল বিহারীলাল চৌবের কলিকাতার বাড়ীতে। পরবর্ত্তী সাহিত্যে অনুসন্ধান করিয়া দেখিলাম এই বিহারীলাল চৌবে সুপ্রসিদ্ধ ভারতেন্দু হরিশ্চন্দ্রের কবিমণ্ডলের একজন প্রবীণ কবি ছিলেন।

এই কথা মনে রাখিতে হইবে যে রাজা রামমোহন রায়ের হিন্দী বেদান্তসূত্র যে বৎসরে প্রকাশিত হয় তাহার ঠিক আট বৎসর পূর্ব্বে লল্লুজীর "প্রেম সাগর" প্রকাশিত হইয়াছিল। অর্থাৎ রাজা রামমোহনের হিন্দী পুস্তক প্রকাশিত হইবার পূর্ব্বে হিন্দী ভাষায় এই যুগের গদ্যে একটি মাত্র পুস্তক প্রকাশিত হইয়াছিল। লেখন-ক্রমানুসারে যদি দেখা যায় তাহা হইলেও হিন্দী গদ্যে রাজা রামমোহন অতি উচ্চ ও বিশিষ্ট স্থানের অধিকারী। কারণ এই পর্য্যন্ত তাঁহার পূর্ব্ববর্ত্তী চারিজন হিন্দী গদ্য লেখকের নাম পাওয়া যায়। এই চারিজনের মধ্যেও দুইজনের ভাষা যদিও হিন্দী তাঁহারা নিজ নিজ গ্রন্থ পারসী অক্ষরে লিখিয়াছিলেন। কালক্রমানুসারে রাজা পর্য্যন্ত গদ্য লেখকের ক্রম এই :—

সদাসুখলাল	(১৭৮৩ খ্রীঃ)	পারসী লিপি
লল্লুজী	(১৮০১ ")	দেব নাগরী
সদল মিশ্র	(১৮০১ „)	„
ইংশা অল্লা খাঁ	(১৮১০ (?))	পারসী লিপি
রাজা রামমোহন	(১৮১৫)	দেবনাগরী লিপি

এই কথা মনে রাখিতে হইবে যে ভাষার সঙ্গে লিপির সম্বন্ধ অতি ঘনিষ্ঠ। বস্তুতঃ যাঁহারা দেবনাগরী আশ্রয় করিয়া হিন্দী লিখিয়াছিলেন তাঁহারাই বর্ত্তমান হিন্দী গদ্যের যথার্থ পথপ্রদর্শক। এই কালক্রমানুসারে রামমোহন হইলেন এই যুগে তৃতীয় হিন্দী-গদ্যলেখক। কিন্তু তাঁহার লিখিত হিন্দী ভাষার মহত্ব আরও বাড়িয়া যায় যখন উপলব্ধি করি যে ফোর্ট উইলিয়ামের অধ্যাপকেরা কেবল চাকরীর দায়ে পড়িয়া গদ্য লিখিতে বাধ্য হইয়াছিলেন কিন্তু রাজাই ছিলেন বর্ত্তমান হিন্দী ভাষায় দেবনাগরী লিপির প্রথম স্বেচ্ছাপ্রবৃত্ত লেখক।

রাজা রামমোহন রায় জীবনের প্রারম্ভ কাল হিন্দীভাষী নগরেই কাটাইয়াছিলেন। তাঁহার শিক্ষা-কালের বেশী ভাগ সময় পাটনা এবং কাশীতেই ব্যয়িত হইয়াছিল। ইহার পরেও তিনি মুর্শিদাবাদে থাকিতেন। শ্রীযুত সুনীতি কুমার চট্টোপাধ্যায় মহাশয় দেখাইয়াছেন যে সে যুগে মুর্শিদাবাদ এবং ঢাকাতে হিন্দুস্থানী ভাষা "ফ্যাশনেবুল" ভাষা বলিয়া গণ্য হইত। যাহাই হউক রামমোহনের বাল্য-জীবন হিন্দীভাষী নগরেই ব্যতীত হইয়াছিল। তাঁহার ভাষাতেও এই দুই নগরের ভাষার প্রভাব রহিয়া গিয়াছে। রাজার প্রকাশিত বেদান্তসূত্রের হিন্দী অনুবাদ আমি দেখি নাই। শ্রদ্ধেয় ক্ষিতি-বাবুর মুখে শুনিয়াছি যে তিনি এই হিন্দী অনুবাদখানি মির্জ্জাপুরের জনৈক ভদ্রলোকের কাছে দেখিয়াছিলেন। রামমোহন-গ্রন্থাবলীতে এই পুস্তকের সংগ্রহ নাই। সংগ্রহ-কর্ত্তারা এই গ্রন্থখানির মহত্ব একেবারেই বুঝিতে পারেন নাই। গ্রন্থাবলীতে হিন্দীতে লেখা একটি ক্ষুদ্র পুস্তিকা মাত্র দেখা যায় যাহা আশ্রয় করিয়া এই আলোচনা করা গেল। শুনিয়াছি তিনি আরও কয়েকখানি হিন্দী পুস্তিকা প্রকাশিত করিয়াছিলেন। গ্রন্থাবলীতে যে পুস্তিকা সংগৃহীত আছে তাহার ভাষার বিশেষত্ব সম্বন্ধে আমি বিস্তৃত ভাবে অন্যস্থানে এ বিচার করিয়াছি ("বিশাল ভারত" ডিসেম্বর, ১৯৩৩, কলিকাতা)। এইখানে সংক্ষেপে এইটুকু মাত্র বলিতে চাই যে রাজা রাম-মোহনের হিন্দী "বাঙ্গালী হিন্দী" নয়। তাহা ব্যাকরণ হিসাবে খুব বিশুদ্ধ। যেটুকু ত্রুটি আছে তাহাও তাঁহার নিজের দোষে নয়। তিনি কাশীতে শিক্ষা পাইয়াছিলেন। সেখানকার পণ্ডিত-মণ্ডলীর মধ্যে যেরূপ ভাষা প্রচলিত ছিল রাজা অবিকল সেইরূপ ভাষাই লিখিয়াছেন। অধুনাতন হিন্দী গদ্যে যে রকম বানান ব্যবহার করা হয় রামমোহনের বানানে তাহা হইতে একটু প্রভেদ দৃষ্ট হয়। তাহা কতকটা পরিমাণে বাংলা বানানের মতন দেখায়। তিনি "করনে"র স্থানে "করণে" লিখিয়াছেন। এই রীতি আজকাল বাংলা

বানানে দেখা যায়। বর্ত্তমান বাংলাতে "রানী" না লিখিয়া লেখা হয় "রাণী"। অর্থাৎ উচ্চারণে না থাকিলেও লেখাতে সংস্কৃতের ণত্ব বিধানের নিয়ম পালন করা হয়। রাজা রামমোহন এই নিয়মেই লিখিয়াছেন। কিন্তু সে জন্য তাঁহাকে দোষ দেওয়া যায় না। কারণ তাঁহার হিন্দী পুস্তক প্রকাশিত হইবার পূর্ব্বে একখানি মাত্র হিন্দী গদ্য পুস্তক মুদ্রিত হইয়াছিল। সে বিষয়ে একটু ভাবিবার আছে। কে জানে তিনি মুদ্রিত "প্রেমসাগর" বইখানি আদৌ দেখিতে পাইয়াছিলেন কিনা।

বেদান্তসূত্রে ইংরাজী অনুবাদের ভূমিকাতে তিনি লিখিয়াছিলেন যে "একদিন আসিবে যখন আমার এই বিনম্র প্রযত্ন সকল ন্যায় দৃষ্টিতে বিচারিত হইবে এবং সম্ভবতঃ—কৃতজ্ঞতার সহিত স্বীকৃত হইবে।" এখন আর এই কথা বলিবার প্রয়োজন নাই যে সেইদিন ইতি পূর্ব্বেই আসিয়া উপস্থিত হইয়াছে। তাঁহার ভবিষ্যদ্বাণী হইতে 'সম্ভবতঃ' শব্দ এখন আপনিই মুছিয়া গিয়াছে। সমাজ ও ধর্ম্ম প্রভৃতি নানা ক্ষেত্রে রামমোহনের সাধনা আজ সকলেই কৃতজ্ঞভাবে স্বীকার করিয়াছেন। আজ ভক্তি-ভরে আমরা তাঁহার হিন্দী ভাষা সম্বন্ধীয় সাধনা ও কৃতজ্ঞতার সহিত স্বীকার করিতেছি।

বিশাল ভারতের উক্ত প্রবন্ধে আমি সে যুগের ইউরোপীয় বৈয়াকরণদের লিখিত ভাষা উদ্ধৃত করিয়া দেখাইয়াছি যে সে ভাষা কি রকম অশুদ্ধ এবং বিশ্রী ছিল। রাজা রামমোহনের হিন্দীর কাছে এই বৈয়াকরণদের হিন্দী নিতান্ত হাস্যাস্পদ। রাজার অর্দ্ধশতাব্দীর পরে বাঙ্গালী সংবাদপত্রকাররা যেরূপ হিন্দী লিখিয়াছিলেন তাহা আরও অদ্ভুত। তাহাতে না আছে কোনও শুদ্ধাশুদ্ধির বিচার, না আছে ভাষার সৌন্দর্য্যের দিকে কোনও দৃষ্টি। রাজার হিন্দী অতি ললিত এবং প্রাঞ্জল। তাঁহার ৬৬ বৎসর পরে স্বামী দয়ানন্দের সেই বিষয় প্রতিপাদক গদ্যের সহিত নিঃসংকোচে তাঁহার ভাষার তুলনা করিতে পারা যায়। যে সব ত্রুটী সেই যুগে রাজার হিন্দীতে অগত্যা রহিয়া গিয়াছিল, প্রায় সেই সব ত্রুটি তাঁহার ৭০ বৎসর পরে লিখিত জৈন সাধু আত্মানন্দের গদ্যের মধ্যেও দেখিতে পাই। এই সব কথা ভাবিয়া দেখিলে রামমোহনের যুগে তাঁহার হিন্দীর বিশিষ্টতা ও উৎকর্ষ দেখিয়া বিস্মিত হইতে হয়।

যে পবিত্র মনীষা ভারতের রাজনীতিগত সমাজগত এবং ধর্ম্মগত প্রভৃতি বিবিধ সংস্কারের মহত্ব ও ভবিষ্যৎ পন্থা চিন্তা করিতে পারিয়াছিল, সেই ভবিষ্যদ্দর্শী মনীষা ভারতের কেন্দ্রীয় ভাষা হিন্দীর মহিমা ও বুঝিতে পারিয়াছিল। তখন "রাষ্ট্র ভাষা" বলিয়া কোনও শব্দ কেহ শোনে নাই, শুনিয়া-

ছিল শুধু সেই মহাপুরুষের মহিমাশালী শ্রবণ। দুঃখের বিষয় এতদিন তাঁহার এই মহান্ উদ্যোগ কেহই লক্ষ্য করেন নাই, তাহার ফলে বেদান্তসূত্রের প্রথম হিন্দী ভাষান্তর প্রায় লুপ্ত হইয়াছে। সে পুস্তকখানি খুঁজিয়া এখন প্রকাশিত করা তাঁহার সর্ব্বশ্রেষ্ঠ স্মৃতি রক্ষার মধ্যে অন্যতম হইবে।

রামমোহনের বাঙালী বীরত্ব

অধ্যাপক শ্রীবিনয়কুমার সরকার

রামমোহন রায় মহাপুরুষ, রামমোহন রায় বীর, রামমোহন রায় মহাবীর, এই বিষয়ে বাঙালায়, ভারতে আর জাপান হইতে তুর্কী পর্য্যন্ত এশিয়ার কোথাও সন্দেহ নাই। বিগত বিশ-পঁচিশ বৎসরের ভিতর ইয়োরামেরিকার নানা দেশেও রামমোহনের মহত্ত্ব ও বীরত্ব সম্বন্ধে কীর্ত্তি অল্পবিস্তর ছড়াইয়া পড়িয়াছে।

রামমোহনের কৃতীত্বের একটা বড় কথা এই যে, আজ পর্য্যন্ত কোনো ভারতসন্তানের মাথা হইতে এমন কোনো বড় চিন্তা বাহির হইতে পারিল না যেটা রামমোহনের চিন্তাধারাকে ছাড়াইয়া যাইতে পারে। কর্ম্মক্ষেত্রের কথা বলিতেছি না। চিন্তাক্ষেত্রের সৃষ্টিকর্ত্তা হিসাবে রামমোহনকে পরাস্ত করিতে পারে এমন বাঙালী বা ভারতবাসী এই একশ বৎসরে জন্মে নাই। এ কালের চরমপন্থী চিন্তাবীরদের ভিতর যাঁহারা সেরা চরমপন্থী তাঁহাদের সম্বন্ধে এই পর্য্যন্ত বলিতে পারি যে তাঁহারা জুড়িদার বটে, কিন্তু তাঁহারাও রামমোহনকে পেছনে ফেলিয়া আগাইয়া গিয়াছেন একথা বলিতে পারি না। রামমোহনের মুড়োর দাম এতই বেশী।

একটা বিশেষ কথা এই সঙ্গে মনে রাখা আবশ্যক। একালে যুবক বাঙলা স্বদেশী আন্দোলনের গৌরবময় প্রথম যুগ হইতে আজ পর্য্যন্ত যতদিকে কর্ম্ম করিতেছে তাহার সব-কিছুই রামমোহনের উদ্দেশ্যে প্রতিষ্ঠিত আসল স্মৃতিস্তম্ভ। বিগত পঁচিশ-ত্রিশ বৎসরের সকল ভারতীয় কর্ম্মবীর ও চিন্তাবীর নিজ নিজ জীবনে, নিজ নিজ কর্ম্মে, মায় নিজ নিজ চিন্তার দৌলতে রামমোহনের চিন্তাসম্পদ আর কর্ম্মগৌরবের জ্বলন্ত প্রতিমূর্ত্তি। অনেকে

রামমোহনের কাজকর্ম্ম সম্বন্ধে নেহাৎ অজ্ঞ বা অনভিজ্ঞ থাকিয়াও রামমোহনের কীর্ত্তিরই সম্বর্দ্ধনা করিয়া চলিতেছে।

দুনিয়ায় আর ভারতে রামমোহনের ইজ্জৎ সম্বন্ধে যুবক ভারতের মাথায় খানিকটা অস্পষ্ট ধারণা আছে। এই দিককার গোঁজামিলগুলো ঝাড়িয়া ফেলা আবশ্যক। রামমোহন প্রাচীন ভারতের শেষবীর। মধ্য যুগের বিভিন্ন সময়ে বাঙলা দেশে বহুসংখ্যক ভাঙা-গড়ার শক্তি-সম্পন্ন কর্ম্মবীর ও চিন্তাবীর জন্মিয়াছিলেন। বঙ্গজননী যুগে যুগে যে সকল বীরত্বশীল হিন্দু-মুসলমানের জন্ম দিয়াছেন রামমোহন তাঁহাদেরই অন্যতম।

বঙ্গদেশে রামমোহনের জন্ম একটা অভাবনীয় "প্রকৃতির খেয়াল" মাত্র নয়। বস্তুতঃ, অষ্টাদশ শতাব্দীতে ভারতের বিভিন্ন প্রদেশেও বহুসংখ্যক ক্ষমতাশালী ও চরিত্রবান্ হিন্দু-মুসলমান নর-নারীর উদ্ভব হইয়াছিল। রাম-মোহনের জন্ম "গোবরে পদ্ম ফুটার" মতন কিম্ভূতকিমাকার আশ্চর্য্যজনক ঘটনা নয়। সেকালের বাঙালী ও অন্যান্য ভারতবাসী নেহাৎ "শিয়াল-কুকুরের বাচ্চা" ছিল না। এই সকল কথা মনে না রাখিলে আমরা একালে রাম-মোহনের বীরত্ব ও কীর্ত্তির যথোচিত সম্বর্দ্ধনা করিতে অসমর্থ হইব।

বাঙালীর বাচ্চা চিরকালই পুরানোকে ভাঙিয়াছে আর তার ঠাঁইয়ে নতুনকে বানাইয়াছে। যুগে যুগে দুনিয়াকে নতুন গড়ন দেওয়া বাঙ্গালী মগজের পক্ষে একটা অতি স্বাভাবিক ও মামুলি কথা। এইরূপ বুঝিতে পারিয়াছিলেন বলিয়াই কবি সত্যেন্দ্রনাথ দত্ত লিখিতে পারিয়াছিলেন ঃ—

"কিশোর বয়সে পক্ষধরের পক্ষ ছেদন করি।
বাঙালীর ছেলে ফিরে এলে ঘরে যশের মুকুঠ পরি।"

যে বাঙালী বামুনের ঘরে অ-বাঙালী পণ্ডিত পক্ষধরের ডানাগুলা চিড়িয়া দুফাঁক করিয়া দিবার ক্ষমতা দেখা দিয়াছিল সেই বাঙালী বামুনের ঘরেই রামমোহনের মত সন্তান পায়দা হইয়াছিল। রামমোহনের পক্ষে এক সঙ্গে "পশ্চিমা" ধর্ম্ম ও সমাজের সমালোচনা করা, মুসলমান ধর্ম্ম ও সমাজের সমালোচনা করা আর হিন্দু ধর্ম্ম ও সমাজের সমালোচনা করা মুড়ি মুড়কির মতন সহজ জিনিষ। সনাতন বা সাধারণ্যে প্রচলিত মতগুলা কুচি-কুচি করিয়া কাটিয়া তাহার জায়গায় নতুন নতুন মত খাড়া করিবার ক্ষমতা দেখাইয়া রামমোহন মামুলি বাঙালী মগজেরই নিত্যনৈমিত্তিক কৃতিত্ব দেখাইতে পারিয়াছিলেন। রামমোহনের বীরত্ব ও মহত্ব বাঙালী হিন্দু-মুসলমানের সনাতন বীরত্ব ও মহত্বের উপরই প্রতিষ্ঠিত।

বাঙালী বামুনের বাচ্চা হিসাবেই রামমোহন হিন্দুকে বলিতেন :—"আরে, একমাত্র উপনিষদে আর বেদান্তে শানাইবে না। কিছু কিছু কোরাণ গেলা ও আবশ্যক।" আবার এই জন্যই তাঁহার পক্ষে বলা সম্ভব হইয়াছিল ; "একমাত্র কোরাণ গিলিলে চলিবে না। কিঞ্চিৎ উপনিষৎ-বেদান্ত ও গিলিতে হইবে।" আর যাঁহারা খৃষ্টিয়ান সমাজের ধুরন্ধর ও পাণ্ডা তাঁহাদিগকে ও রামমোহনের বাঙালী-বামুন মগজ বলিত :—"তোদেরকেও কিছু কিছু উপনিষৎ-বেদান্ত আর কোরাণ গিলাইয়া মানুষ করিব। এই সব মূলে পড়িয়া দেখিবার মুরদ যদি তোদের কাহারও কাহারও না থাকে তর্জ্জমা করিয়া দিতেছি। এক-আধ কাঁচ্চা সেবন করিলে তোদের খৃষ্টিয়ানি হাড়মাসেও সালসার কাজ করিবে।" আর অপরদিকে উপনিষৎ-কোরাণওয়ালা হিন্দু মুসলমানকে রামমোহন বাঙালী-বামুন হিসাবেই বলিতেন "কিছু কিছু বাইবেলের জ্ঞান ও তোদের চাই।" কথা-গুলা ঠিক এই ভাবে রামমোহনের কোনো পুস্তিকায় অথবা বক্তৃতা গ্রন্থে আছে কি না ঢুঁরিয়া দেখি নাই। তবে তাঁহার সমগ্র কার্য্যাবলীও ব্যক্তিত্বটার অন্যতম ধুয়াই আমার বিবেচনায় এই ধরণের কথার ভিতর পাকড়াও করা সম্ভব।

রামমোহন সেই যুগের দুনিয়ায় একাধারে সকল জাতিরই মেজাজ-সংস্কারক চিন্তাবীর। তিনি হিন্দু-সেবক, মুসলমান-সেবক, আর খৃষ্টিয়ান-সেবক। একমাত্র ধর্ম্ম নয়, জীবনের সকল কর্ম্মক্ষেত্রেই তাঁহার চিন্তা-প্রণালীতে সংস্কারের পথ ঢুঁরিয়া পাইয়াছে।

এক সঙ্গে গোটা দুনিয়াকে মন্থন করিয়া সবগুলা হইতে রস নিংড়াইয়া আত্ম-পুষ্টির ব্যবস্থা করা সকল যুগের করিৎকর্ম্মা হিন্দুর স্বধর্ম্ম। রামমোহন সেই সনাতন হিন্দু স্বধর্ম্মেরই অন্যতম প্রতিমূর্ত্তি। সেই কথাই একালের বিবেকানন্দ সম্বন্ধেও সত্যেন দত্ত বলিয়া গিয়াছেন :—

"বীর সন্ন্যাসী বিবেকের বাণী ছুটেছে জগৎময়
বাঙালীর ছেলে ব্যাঘ্রে-বৃষভে ঘটাবে সমন্বয়।"

রামমোহনের জীবনে এরূপ "ব্যাঘ্রে-বৃষভে সমন্বয়" ঘটাইবার কর্ম্ম-কৌশল দেখিয়া আমরা বাঙালী জাতির স্বাভাবিক বীরত্ব আর মহত্ত্বই আবার একবার স্মরণে আনিতেছি। রামমোহনকে বীররূপে পূজা করিবার উপলক্ষ্যে আমরা নতুন করিয়া বাঙালী হিন্দু-মুসলমানের আটপৌরে বীরত্বই চোখের সাম্‌নে মূর্ত্তিমন্ত দেখিতেছি। প্রাচীন ও মধ্য-যুগের এশিয়াবাসীর মগজ-শক্তি ও কর্ম্ম-ক্ষমতা সম্বন্ধে এশিয়ার রামমোহন, বাঙালী রামমোহন, হিন্দু

রামমোহন, ব্রাহ্মণ রামমোহন বিশ্ববাসীর সশ্রদ্ধ নজর টানিয়া আনিতে পারিয়াছেন।

রামমোহনকে উপলক্ষ্য করিয়া দুনিয়ার নর-নারী সেকালের এশিয়ার আর ভারতের নর-নারীকেই সম্মান করিতে শিখিবে। বস্তুতঃ, জাপানের প্রিন্স ইতো, চীনের কাঙ্ যু-ওয়ে আর পারশ্যের সৈয়দ জামালদ্দিন ইত্যাদি একালের এশিয়াবীরেরা রামমোহনের নাম না জানিয়া-শুনিয়াও রামমোহনের আকাঙ্ক্ষিত পথেই নিজ নিজ স্বদেশের জন্য পাকা বনিয়াদ কায়েম করিয়া গিয়াছেন। রামমোহনের বাঙালী মস্তিষ্কের ইহাও একটা গৌরবের বস্তু।

মহাত্মা রাজা রামমোহন রায়

শ্রীঅনুরূপা দেবী

মহাত্মা রামমোহন রায়ের নাম বা পরিচয় শুধু বঙ্গদেশে বা বাঙ্গালী সমাজে সীমাবদ্ধ নাই, সমগ্র ভারতবর্ষের সমুদয় ইংরাজী শিক্ষিত সমাজের নরনারীমাত্রেই এই নামটীর সহিত সম্পূর্ণরূপে পরিচিত।

যদিও রামমোহন বঙ্গদেশে হুগলী জেলার মধ্যস্থিত রাধানগর নামক একটী সাধারণ পল্লীগ্রামে জন্মগ্রহণ করিয়াছিলেন, তথাপি তাঁহার সুমহৎ কার্য্যকলাপের ফলভাগী হইয়া সমুদয় ভারতবাসীই অদ্যাবধি তাঁহার প্রতি পরম শ্রদ্ধাপূর্ণ চিত্তে তাহা যে স্মরণ করিয়া আসিতেছে, ইহা আমি তাঁহার বাৎসরিক স্মৃতিসভায় কয়েকবার উপস্থিত থাকিয়া প্রত্যক্ষ করিয়াছি। বেনারস হিন্দু ইউনিভার্সিটীতে সেবার সে কি বিপুল ভাবেরই শ্রদ্ধাবদান! মাদ্রাজ, মহারাষ্ট্র, গুর্জ্জর, পঞ্জাব, বিহার ও বঙ্গ সমগ্র ভারতবর্ষ-নিবাসিগণ তরুণ প্রৌঢ় এমন কি বৃদ্ধ পর্য্যন্ত সকলেই নিজ নিজ অপরিসীম কৃতজ্ঞতায় বিগলিত-চিত্ত হইয়া মহাত্মার পুণ্যস্মৃতির নিকট নতশিরঃ হইয়া প্রকৃত আন্তরিকতার সহিত তাঁহার যশঃকীর্ত্তন করিতেছিলেন। তাঁহার বাঙ্গালীত্বের বাঁধা গণ্ডি কাটিয়া গিয়া ভারতীয়ের সুমহৎ মর্য্যাদামণ্ডিত মহিম-রূপ প্রকট হইয়া উঠিয়াছিল। দেখিয়া বাঙ্গালী আমরা আনন্দ ও গৌরবে উৎফুল্লচিত্ত হইয়াছিলাম।

ইহাই শাস্ত্রোক্ত মহাপুরুষলক্ষণ। দেশ কাল ইহাকে বদ্ধ করিতে পারে না, জাতিকুল-গোত্র ইহাকে খণ্ডিত রাখিতে পারে না, সময় ইহার কীর্ত্তিসৌধসমূহকে ধ্বংস না করিয়া বরং উত্তরোত্তর উচ্চচূড়রূপে বর্দ্ধিত করে। সর্ব্বভূতাবস্থিত পরমাত্মার যে বিশেষ কল্যাণরূপের উল্লেখে গীতায় শ্রীভগবান অর্জ্জুনকে বলিয়াছেন ;—

যৎ যৎ বিভূতিমৎ সত্যম্ শ্রীমদূর্জ্জিমেববা
তত্তদেবাব গচ্ছত্বং ময়ো তেজাংশ-সম্ভবঃ ॥

সে ইহাই। নরের মধ্যে তিনি নরশ্রেষ্ঠরূপেই আপনাকে প্রকাশ করিয়া থাকেন। বস্তুতঃপক্ষে তাঁহার সেই কল্যাণক্ষম শক্তি যাঁহার মধ্য দিয়া বিশেষভাবে প্রকটিত হয় তাঁহাকে বলিতে পারা যায় নরশ্রেষ্ঠ বা নরেশ। মহাত্মা রাজা রামমোহন রায় তাঁহার অশেষ কল্যাণকর কার্য্যপ্রণালীর জন্য নরের মধ্যে একজন শ্রেষ্ঠ নর বা নরেশ নামের যোগ্যতাঅর্জ্জন করিতে পারিয়াছিলেন। তাঁহার নামের পূর্ব্বে সন্নিবিষ্ট "রাজা" উপাধিটী নিরর্থক হয় নাই এবং উহা নিছক শব্দমাত্রই নহে ; প্রজার মঙ্গল-সাধন যদি রাজ-কর্ত্তব্য হয় ; তবে উহা সম্পূর্ণ সার্থক হইয়াছে ; তিনি বাস্তবিক রাজাই।

রামমোহনের অসংখ্য কার্য্যকলাপের সম্যক্ পরিচয় দিতে গেলে সামান্য একটী প্রবন্ধের দ্বারায় কখনই তাহা সম্ভব হইবে না। বিশেষতঃ তাহার কার্য্যপ্রণালীর পরিচয় দিবার জন্য তাঁহার সমসাময়িক কালের রাষ্ট্র সমাজের সহিত বিশেষরূপে পরিচয় না রাখিয়া কেবলমাত্র তাঁহার কার্য্যাবলীর আলোচনা করা সম্ভব নহে, সেই হেতু এই ক্ষুদ্র প্রবন্ধে সকল বিষয়ের আলোচনা না করিয়া আমি তাঁহার সর্ব্বপ্রধান কার্য্যটীরই বিষয়ে দু'চারিটি কথা বলিব। রামমোহন যখন জন্মগ্রহণ করেন, তখন সমগ্র ভারতগগন সঘন জলদজালে সমাচ্ছন্ন। রাজনীতি-ক্ষেত্র তখন মরণান্তক বিষবাষ্পে পরিপূর্ণ, তাহারই অনিবার্য্যকবলে সমাজনীতি ও একান্ত শিথিল। মূলো-চ্ছেদিত বৃক্ষের শাখাপ্রশাখা যেমন ক্রমশঃ শুষ্ক হইতে হইতে অবশেষে ছেদনকারীর হস্তে ইন্ধনের তুচ্ছ কার্য্যে অপব্যয়িত হইতে বাধ্য হয়, প্রবলরাষ্ট্র-বিপ্লবের এবং বৈদেশিক সভ্যতার আপাতরমণীয় মোহজালে আকৃষ্ট ভারতবাসী বিশেষতঃ বাঙ্গালী তরুণ বংশীরব-মুগ্ধ কুরঙ্গের মত তেমনই স্বেচ্ছায় আনায়বদ্ধ হইতে দলে দলে ক্রুশ-কাষ্ঠের পদতলে সমবেত হইতে ছিলেন। নূতনের অচেনা আলোকে নবনবীনের মোহিনীমায়ায় ভারতবর্ষীয় উচ্চ সভ্যতার ত্যাগ-সংযত জীবনযাত্রাকে বিধ্বস্ত করিয়া দিয়া তদানীন্তন তরুণের দল ভয়াবহরূপে বর্ণিত পরধর্ম্মে দীক্ষিত হইতে

আরম্ভ করিলে দেশের সেই সর্ব্বাপেক্ষা বিপদের দিনে সাধুদিগের পরিত্রাণকারী ভারতের চিরজাগ্রত বিধাতা রামমোহনের অন্তরে ভারতের একেশ্বরবাদের জাগৃতিদান করিয়া তাঁহাকে এই নূতন জেহাদের সেনাপতিত্ব প্রদান করিয়াছিলেন। অনেকে মনে করেন রাজা রামমোহন একটী নূতন ধর্ম্মমতের স্থাপনকর্ত্তা, কিন্তু সে বিশ্বাসটী সম্পূর্ণ ভিত্তিহীন। রাজা রামমোহন কোন নূতন তথ্য বা নূতন মত প্রচার করেন নাই। এই ধর্ম্মমত সংস্থাপন জন্য তাঁহাকে আরবী, পারসী শিক্ষপ্রসাদাৎ কোরাণ সরিফের অথবা হিব্রু ল্যাটিন শিক্ষার দ্বারা খাঁটী বাইবেল হইতে একেশ্বরবাদ গ্রহণ করিতে হয় নাই। রামমোহন যে ধর্ম্ম প্রচার করিয়াছিলেন, তাহা তাঁহার ঘরেই সঞ্চিত ছিল। একদিন ভারতের পুণ্যতপোবনে তপস্যাধ্যায়-নিরত ব্রহ্মর্ষিকুল যাহা তাঁদের প্রগাঢ় ধ্যানযোগে অধিগম্য করিয়া সাহ্লাদে বলিয়া উঠিয়াছিলেন,—

"হিরন্ময়েণ পাত্রেণ সত্যস্যানিহিতং মুখম্।
তৎত্বং পূষন্নপাবৃণু সত্য-ধর্ম্মায় দৃষ্টয়ে॥"

সেই সত্য-ধর্ম্ম ব্রহ্মবাদ বা ঔপনিষদিক ধর্ম্মকেই ভারতের ব্রাহ্মণ রাজা রামমোহন তাঁর অন্তরের অন্তস্থল মধ্যে জাগ্রত করিতে পারিয়াছিলেন। আদিত্যমণ্ডলস্থ ব্রহ্মের মুখ তাঁহার সমক্ষে অনাবৃত হইয়াছিল। যে ব্রাহ্মণ একদিন নিজের ত্যাগমহত্ত্বে ও তপস্তেজে বিন্ধ্য-শিরকেও অবনত হইতে বাধ্য করিয়াছেন, সেই ব্রাহ্মণ-কুলজাত রামমোহনের অন্তরে কুলকুণ্ডলিনী শক্তির স্ফূরণে স্বতঃস্ফূর্ত্তরূপেই এই একেশ্বরবাদের উৎপত্তি। বস্তুতঃ ইহার জন্য তাঁর বাহিরের দিক হইতে কোন প্রেরণা কোন সহায়তারই প্রয়োজন ছিল না। যে রত্ন তিনি দেশকে বিলাইয়াছিলেন তাহা তাঁহারই পৈত্রিক সম্পত্তি, তাঁহার ঘরেরই ধন।

বাস্তবিক সে দিনের সেই ভীষণ স্রোত প্রতিহত করিতে না পারিলে আজ আমরা বাংলা দেশের যে কি অবস্থা দেখিতে পাইতাম তাহা ভাবিতেও ভয় হয়! সেদিনের সেই যে ধর্ম্মসংঘর্ষ সে শুধু নিরক্ষর অজ্ঞ জনসাধারণের অথবা সভ্যতামাত্রবিহীন পর্ব্বতারণ্য-নিবাসী আদিম জাতীয়দিগের মধ্যেই সীমানিবদ্ধ থাকে নাই, তাহার প্রধানতম উৎপত্তি ঘটিয়াছিল বাংলার সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠকুলোৎপন্ন উচ্চ শিক্ষিত তরুণবৃন্দের মধ্যভাগে। সে কি ভয়াবহ দিন! সমগ্রজাতির জীবন-স্বরূপ, তাহার চির-ভবিষ্যতের সমস্ত ভরসা ছিল বাংলার তরুণ নিজেদের পুরুষ-পুরুষানুক্রমে অর্জ্জিত, বহুসহস্রাব্দি-সঞ্চিত জগতের একটী প্রাচীন ও প্রধানতম ধর্ম্ম ও সভ্যতাকে সম্পূর্ণরূপে জলাঞ্জলি দিয়া ভয়াবহরূপে পরিগণিত পরধর্ম্ম তথা সম্পূর্ণরূপ বৈদেশিক আচার-ব্যবহারে

আত্মনিমজ্জিত করিয়া আত্মঘাতী হইতে সমুদ্যত। সম্মুখ-প্রজ্জ্বলিত অগ্নিকুণ্ডের অভিমুখে মুগ্ধ পতঙ্গের মতই সর্ব্বনাশা এই অভিযান। যাহার মরিচীকাময় পরিণামফলে মধুসূদনের ন্যায় অন্যান্য সাধারণ শক্তিমানকেও তাঁর উচ্ছৃঙ্খল বিপর্য্যস্ত জীবন-সংগ্রামের অকাল অবসানে মর্ম্মাহত চিত্তে বিলাপ করিয়া বলিতে হয়,—

"আশার ছলনে ভুলি কি ফল লভিনু হায়
তাই ভাবি মনে।"

"পতঙ্গ যে রঙ্গে ধায়" তেমন করিয়া শুধু একা মাইকেলই নহেন, অনেকেই "পাগলপ্রায়" সেদিনে আশা-মরীচিকার কণ্টকাকীর্ণ পথে ধাইয়া ছিলেন এবং আজ সেই সকল বঙ্গকুলধুরন্ধর মহারথদিগের বংশধরগণ কোথায় ?

মহাত্মা রাজা রামমোহন তাঁর নবজাগ্রত শক্তিসহায়তায় সেদিনের সেই আবর্ত্তময় ফেনিল স্রোত-উচ্ছ্বাস যদি না ফিরাইতে পারিতেন আজ বঙ্গদেশে হয়ত সংখ্যা-গরীষ্ঠতার গৌরবে ওই শ্রেণীর লোকদেরই জন্য প্রধানতঃ আসন সংরক্ষণের দাবী উঠিত এবং বাংলার পদাঙ্ক যে ভারতের অন্যান্য প্রদেশেও অনুসৃত না হইতে তাহাও খুব জোর করিয়া বলা চলেনা কারণ বাংলাই অনেক দিন অবধি এসব বিষয়ে একটু গুরু-গিরি করিয়া আসিয়াছে। রামমোহন দেশের সেই অতি দুর্দ্দিনে খৃষ্টানের সহিত সশস্ত্র অভিযান করিয়াছিলেন, সেই অস্ত্র তাঁর অধীত-শাস্ত্র-সমূহ তাঁর অপরাজেয় বাগ্মীতা এবং ভারতের উপনিষদ! যে উপনিষদের উল্লেখে বিখ্যাত জর্ম্মণ পণ্ডিত সোপেনহাওয়ার গদগদকণ্ঠে বলিয়াছেন ;—"পৃথিবীতে উপনিষদের মত উচ্চ-ভাবপূর্ণ শান্তিপ্রদ পুস্তক বুঝি আর নাই। উপনিষদ আমার ইহজীবনের সান্ত্বনা, উপনিষদ আমার মরণের শান্তি। (It has been solace of my life. It will be solace of my death.") কিন্তু উপনিষদই নয় ; উপনিষদের ধর্ম্মকে জনসাধারণের ধর্ম্ম করা যায় না। এ ধর্ম্ম প্রচারের ধর্ম্ম নয় ; তত্ত্বদর্শীর আত্মানুভূতির ধর্ম্ম। অথচ এ সময়ে সাকারবাদ দিয়া একেশ্বরবাদের নবাগত বন্যাকে বাধা দেওয়াও সম্ভব হইবে না বুঝিয়া দূরদর্শী রামমোহন সময়োপযোগিভাবে আগমশাস্ত্রোক্ত ধর্ম্মের প্রবর্ত্তন করিয়া তাহাকে সহজগম্য করিয়া দিলেন।

অনেকেই মনে করেন পূর্ব্ব-প্রচলিত ধর্ম্মমত সমর্থন করিয়াছিলেন বলিয়া মহাত্মা রামমোহনের লৌকিকত্বের হানি করা হয়। প্রচলিত স্বদেশী আচার অনুষ্ঠান সবকিছুকেই ইহারা তুচ্ছ বোধ করেন এবং কুসংস্কার ভাবেন ; কিন্তু সূক্ষ্মদর্শী মনীষীরা তাহা করেন না, তাঁহারা যথার্থ সত্যকেই প্রকাশ করেন, তবে লোক-শিক্ষার উপযোগি-ভাবে সহজ করিয়া লয়েন, ইহাই তাঁহাদের

মৌলিকতা, রামমোহন তাহাই করিয়াছিলেন। এ বিষয়ে মহাত্মা ৺ভূদেব মুখোপাধ্যায় মহাশয় কি লিখিয়াছেন তাঁহার বিবিধ প্রবন্ধ ২য় ভাগ হইতে তাহাই উদ্ধৃত করিয়া দিই ঃ—"রাজা রামমোহন রায় বঙ্গদেশে প্রচলিত বিভিন্ন মতবাদকে সম্মিলিত করিবার জন্য সুন্দর কৌশলই অবলম্বন করিয়াছিলেন। তিনি তান্ত্রিক শিক্ষাপদ্ধতি গ্রহণ করেন; তান্ত্রিক আচারও স্বীকার করিয়া ছিলেন উহাই দেশের পক্ষে উপযোগী। তিনি তন্ত্র শাস্ত্রের নামোল্লেখ করেন নাই। বেদান্ত-দর্শনের সহিত তন্ত্রের শিক্ষা অভিন্ন দেখিয়া তাহাদেরই দোহাই দিয়া সকল কথা কহিলেন। রামমোহন রায়ের ধর্ম্ম সংস্কার আজিকালিকার সংস্কারদিগের ন্যায় কেবল মন্ত্র অনুকরণ বা স্বেচ্ছাচার-মূলক নহে; তাঁহার নিজের ইচ্ছা বা কল্পনার উপর নির্ভর করেন নাই। * * * শাস্ত্রীয় প্রমাণ সকল পাইয়াই রামমোহন মহানির্ব্বাণ তন্ত্রকেই মুখ্য অবলম্বন কবিয়াছিলেন। তিনি মহম্মদীয়, বৌদ্ধ এবং খৃষ্টীয় মতবাদ সমস্তই জানিতেন, কিন্তু সে সকল জানিয়াও তান্ত্রিক মতবাদ এইদেশে এবং এইকালে স্বতঃউদ্ভূত সুতরাং উহাই এদেশের ও কালের উপযোগী হইবে বলিয়া মনে করিয়াছিলেন। রামমোহন রায় দেখিয়াছিলেন যে, তন্ত্রশাস্ত্রের উদ্দেশ্য অতি মহৎ ও পবিত্র।"

(এইখানে মহানির্ব্বাণতন্ত্র ১ম উল্লাস ৭০ হইতে ৭৩ শ্লোকের অর্থ উদ্ধৃত করিয়া দিলাম)

"যদ্বারা মনুষ্যের আয়ু আরোগ্য তেজোবল বীর্য্য বিদ্যা বুদ্ধি বৃদ্ধি হয়, শুভ-অনায়াস লভ্য হইয়া পড়ে, যাহাতে লোকে মহাপরাক্রম, প্রিয়কর, স্বপত্নী নিরত; পরস্ত্রীপরাঙ্মুখ, দেবতা ও গুরুতে ভক্তি-সম্পন্ন, পুত্র ও স্বজনগণের পোষক এবং ব্রহ্মতে, ও ব্রহ্মবিদ্যাও ব্রহ্মচিন্তা নিরত হয়, মনুষ্যের লোকযাত্রা নির্ব্বাহ পারলৌকিক হিতের জন্য তাহাই বলুন।"

উল্লিখিত বিষয়গুলিই বঙ্গদেশের প্রয়োজন, অতএব সেই সকল প্রয়োজন সাধনপোযোগী যে প্রণালী রামমোহন তাহাই গ্রহণ করিয়াছিলেন। ঐ তন্ত্রের তৃতীয়োল্লাসে উক্ত পঞ্চরত্ন স্তোত্রটী ব্রাহ্ম সভার স্তব বলিয়া এক্ষণে বিখ্যাত হইয়াছে। মহানির্ব্বাণ তন্ত্রোক্ত সেই পরব্রহ্ম সম্বন্ধীয় স্তবটী এই—

ওঁ নমস্তে সতে সর্ব্ব-লোকাশ্রয়ায়।
নমস্তে চিতে বিশ্বরূপকায়।
নমোঽদ্বৈত-তত্ত্বায় মুক্তি-প্রদায়।
নমো ব্রহ্মণে ব্যাপিনে নির্গুণায়।
ত্বমেকং শরেণ্যম্ ত্বমেকং বরেণ্যম্।
ত্বমেকং জগদব্যাপকং বিশ্বরূপম্।

ত্বমেকং জগৎকর্ত্রী পাত্রী প্রহর্ত্রী।
ত্বমেকং পরং নিষ্ফলং নির্ব্বিকল্পং
ভয়ানাং ভয়ং ভীষণং ভীষণানাং
গতিঃ প্রাণীনাং রক্ষকং রক্ষকাণাং।
ইত্যাদি।

অতএব দেখা যায় যে রামমোহন কোন নূতন ধর্ম্মের সৃষ্টি বা বাহির হইতে আমদানী করেন নাই ; ভারতবর্ষেরই গুহানিহিত প্রাচীন এবং শাশ্বত ধর্ম্ম মতকেই আত্ম-বিস্মৃত জনমণ্ডলীর মধ্যে কালোপযোগিভাবে প্রচার-পূর্ব্বক মন্ত্রৌষধি-প্রয়োগবৎ তাহার অপক্ষয়-নিবারণ করিয়াছিলেন। অধর্ম্মের অভ্যুত্থান হইলে যিনি আপনাকে যুগে যুগে সৃষ্টি করেন মহাত্মার এই কার্য্যটী তাঁহার দ্বারাই অনুপ্রেরণা লাভ করিয়াই যে ঘটিয়াছিল তাহাতে সন্দেহ কি!

মহাত্মা রাজা রামমোহন দ্বারা আরও কয়েকটী জনহিতকর মহৎকার্য্য সম্পন্ন হইয়াছিল, তার মধ্যে সতীদাহ-নিবারণ একটী বিশেষ ঘটনা। যেদিনে দেশের পুরুষ বীর থাকেন, নারীও সেদিনে থাকেন বীরাঙ্গনা। পুরুষ যেদিন মৃত্যু-আহবে ঝাঁপাইয়া পড়িতে কুণ্ঠিত নহেন, নারীও সেদিনে বিজয়ী শত্রুর করতল হওনের তীব্র বিরাগে অকুণ্ঠিত-চিত্তে বরণ করেন আকস্মিক মৃত্যুকে। জ্বলন্ত অগ্নিকুণ্ডই তখন তাঁর একমাত্র বরণীয় হয়। কারণ বীরাঙ্গনারই যোগ্য সাহস ও সৌন্দর্য্যময় পরিণাম। ভারতে যখন হইতে অনার্য্য বৈদেশিকের আক্রমণ আরম্ভ হয় এপ্রথা তখনকার দিন হইতে প্রচলিত হইয়াছিল। বর্ব্বর হুনশকের ও তৎপরবর্ত্তী আক্রমণকালে এদেশে হয়ত এমন প্রথারও প্রয়োজনীয়তা ঘটিয়াছিল।

আবার যশঃসৌরভ বাতাসে মিশিয়া দিক্‌বিদিকে ছুটিয়া চলে! যশোলিপ্সা মানুষের মনে বড় সামান্য অধিকার স্থাপন করে না। সতীপ্রথা এমনই করিয়া সমাজে স্থান পাইল। যিনি সতী হন তাঁর সম্মানের বাহুল্য অপরকেও আকর্ষণ করে। দুর্দ্দশাবহুল বৈধব্যের অপেক্ষা সতী হওয়াতেই যখন সামাজিক সম্মান ও ইহলোকে নিশ্চিন্ততা এবং পরলোকে অনন্ত ঐশ্বর্য্যলাভ অতএব এমন জীবন ধারণ করা নিস্প্রয়োজন, সমস্ত সমাজের নারীজগতেই এই ভাবটী সুপ্রকট হইয়া উঠিয়া একদিন পরম নিষ্ঠাবতী সতীগণের পুণ্য জীবন বলি লইয়া এই সতীদাহ প্রথার উদ্ভব হইলেও, নীচাশয় ব্যক্তিগণ বহুস্থলে ইহাতে স্বার্থ সিদ্ধির উপায় উদ্ভাবন করিয়া লইয়া বহুস্থলে অনিচ্ছুকা অর্থবতী বিধবাদের সহমরণে বাধ্য করিত ইহাও জ্ঞাতব্য। যাহা হোক রাজা রামমোহন সেদিন "সতীদাহ" প্রথার উচ্ছেদ করিয়া শাস্ত্রোক্ত বিধবার

ব্রহ্মচর্য্যের সম্মাননার জয় ঘোষণা করিয়াছিলেন। সতীদাহে বীরত্ব যতই থাক, মহত্ত্ব যে এই একনিষ্ঠ ব্রহ্মচর্য্য ব্রতে তাহাতে আর সংশয় কি? সহমরণ প্রথা প্রচলিত থাকিলে আজ আমরাই আমাদের কত পরম প্রিয়তম জীবন অকালে বলি দিতে বাধ্য হইতাম তাহা কে জানে!

কিন্তু পরিশেষে বলিব, মহাত্মা রামমোহনের অপরাপর যে কোন কার্য্যই হউক তাঁহার প্রথমোক্ত কার্য্যটীর তুলনায় ভারতীয় হিন্দুর পক্ষে অপর কোনটীকেই এত বড় প্রয়োজনীয় বোধ করা যায় না। হিন্দু যদি তার হিন্দুত্বই বিসর্জ্জন দিত, কোথায় থাকিত তার সতীদাহ, আর কোথায় আটক হইত তার ইংলণ্ড যাত্রা? আবার অনুষ্ঠান স্বধর্ম্ম স্বদেশিকতা সকলই তো তার শেষ হইয়া যাইত। তাই বলি যদি তিনি আর কিছুই না করিতেন তথাপি তাঁর এই একটী কার্য্যই তাঁহাকে অমর করিত এবং তাঁর স্বদেশনিবাসী দিগকে তাঁহার প্রতি শুধু "শত শারদ"ই নহে, সহস্র শারদ তাঁহার প্রতি শ্রদ্ধাসম্পন্ন থাকিত।

রাজা রামমোহন

শ্রীনলিনী কান্ত গুপ্ত—অরবিন্দ-আশ্রম

রাম মোহন এক কথায় আধুনিকতা। তাঁরই ভিতর দিয়ে বাংলার, তথা ভারতের মধ্যযুগ আধুনিকযুগে এসে পড়েছে। এই আধুনিকতা স্বভাবতই হয়েছিল সর্ব্বতোমুখী—ধর্ম্মে সমাজে শিক্ষায় সাহিত্যে কালোপযোগী দীক্ষা এবং রাজনীতি,—পলিটিক্স, বলতে এখন আমরা যা বুঝি তার সূত্রপাতই রামমোহন হতে। দেশের মূল চেতনার মধ্যে তিনি এনে দিয়েছেন নব দৃষ্টি নব প্রাণ—জীবনের যাবতীয় প্রকাশ-ধারায় তার রূপ যে ফুটে উঠবে, এও অনিবার্য্য।

এই নব-চেতনার অর্থ কি? আধুনিক বলতে ঠিক কি বুঝি আমরা? মধ্যযুগ থেকে আধুনিক যুগে সংক্রমণ ইউরোপে সম্পূর্ণ হয়েছে নেপোলিয়নের হাতে। সে আধুনিকতার আরম্ভ অবশ্য হয় রেণাসেন্স থেকে—কিন্তু রেণাসেন্স ছিল মুখ্যতঃ মনের, অন্তরের পরিবর্ত্তন; জীবনে ব্যবহার-ক্ষেত্রে অনুরূপ পরি-

বর্ত্তন ঘটল শতাব্দী দুই পরে। রামমোহন নেপোলিয়ানের প্রায় সমকালীন ছিলেন, দুজনা একই পর্যায়ের কাজ করেছিলেন। তবে নেপোলিয়নের আশ্রয় ছিল প্রচণ্ড আসুরিক শক্তি, ক্ষাত্রবল—ইউরোপের পক্ষে এরই হয়ত প্রয়োজন; আর শাক্ত—বীরাচারী তান্ত্রিক হলে ও রামমোহনের বিশেষত্ব কিন্তু বিপুল প্রলয়ঙ্কর কালী-শক্তি নয়, তাঁর হল ব্রাহ্মণ্য শক্তি—যার গুণ জ্যোতিঃ ও মাধুর্য্য (Sweetness and light) এবং তজ্জনিত একটা আত্মস্থ শান্ত সামর্থ্য। ইউ-রোপীয়েরা তাঁদের অধুনিকতার অর্থ করেন—(১) মনের মুক্তি, চর্চ্চের অর্থাৎ সঙ্ঘবদ্ধ পৌরহিত্যের প্রভাব হতে মস্তিষ্কের মুক্তি,—স্বাধীন বিচারে, যুক্তি-তন্ত্রতার প্রতিষ্ঠা—বিজ্ঞানের বিজয় যাত্রা; (২) সামাজিক ও রাষ্ট্রীয় জীবনে সামন্তদের, অভিজাতদের প্রভুত্ব হতে জন-সাধারণের মুক্তি—সাম্যবাদের, গণের অত্যুত্থান; (৩) শ্রেণীর গোষ্ঠীর উপরে (ধর্ম্মে সমাজে বা রাষ্ট্রে হোক) ব্যষ্টির প্রাধান্য ব্যক্তির স্বাতন্ত্র্য, মর্য্যাদা। *

আমাদের অধুনিকতা হুবহু ইউরোপের মত স্পষ্ট এই কয়েকটি ধারাতেই চলেছে বললে ঠিক হবে না। তবে অনুরূপ পর্য্যায়ের পরিবর্ত্তনই যে আমাদের আধুনিকতা এনেছে তা স্বীকার কর্ত্তে হবে। প্রথমতঃ, ধর্ম্মে অধ্যাত্ম-সাধনায় প্রাণহীন অনুষ্ঠানের পরিবর্ত্তে জীবন্ত উপলব্ধি, শাস্ত্রের পরিবর্ত্তে (অন্তত, সাথে) যুক্তি গুরু-পদানুগত্যের পরিবর্ত্তে স্বাবলম্বন, স্বকীয়তা। দ্বিতীয়তঃ সমাজে ব্রাহ্মণ্য-ব্যবস্থার বিরুদ্ধে অভিযান। ইউরোপীয় আভিজাত্যের মত আমাদের কিছু ছিল না—আমাদের রাজা জমিদার ইউরোপের লর্ড ব্যারণ নহেন। তবে ফিউডল (Feudal) তন্ত্রের একটা মূল নীতি ছিল যে উচ্চ নীচ শ্রেণীবদ্ধ—আধুনিক চক্ষু যেখানে কেবল দেখবে অসাম্য ও অন্যায় প্রভুত্ব, সে বস্তুটি আমাদের মধ্যে ছিল ঐ ব্রাহ্মণ্য অবস্থায়। আমাদের দেশে অসাম্যের প্রভুত্বের বিরুদ্ধে আন্দোলন দেখা দিয়েছে জাতিভেদ, কৌলিন্য, বহু বিবাহ সতীদাহ প্রভৃতি সামাজিক প্রথার উচ্ছেদ সাধনে। তা ছাড়া রাষ্ট্রীয় চেতনা জিনিষটা সম্পূর্ণ নূতন আমাদের মধ্যে এসেছে—ইউরোপের সংস্পর্শে। ফলতঃ ব্যক্তি স্বাতন্ত্র্যের সমস্যা আমাদের দেশে তেমন প্রধান হয়ে দেখা দেয় নাই—যদিও যে সকল কারণ-পরম্পরা আমাদের প্রাচীনতর একান্নবর্ত্তী পরিবার ভেঙ্গে চলেছে তার মধ্যে এই ব্যক্তিস্বাতন্ত্র্যও অন্যতম। আমাদের মধ্যে বরং ফুটে উঠেছে নূতন একটা সঙ্ঘবোধ—সামাজিক ঐক্যের পরিবর্ত্তে একটা রাষ্ট্রীয় ঐক্য

* বর্ত্তমানে অতি আধুনিক ধারা কিন্তু এই সূত্রটি নাকচ করে, প্রাচীনতর পদ্ধতিতে যেন ফিরে চলেছে দেখছি—যথা সোভিয়েট, মুসোলীনি, হিটলের।

যারই নাম দেওয়া হয়েছে জাতীয়তা, ন্যাশনালিজম। এই সব প্রকার আন্দোলনের, নব সৃষ্টির আরম্ভ রামমোহনই করে গিয়েছেন।

তবে ধর্ম্মসিদ্ধান্তের, আধ্যাত্মিক সাধনার ক্ষেত্রে রামমোহন এনেছিলেন যে ব্যক্তিগত একটা স্বাতন্ত্র-বোধ এবং যুক্তি-প্রিয়তা তার ফল পরে অনেকদূর অবধি প্রসারিত হয়ে পড়েছিল। এক হিসাবে হয়ত আধুনিকতার মূল তত্ত্বই এই ব্যক্তিত্বের মর্য্যাদা—যুক্তিবাদ ব্যক্তিত্ববোধেরই একটী প্রধান অঙ্গ, প্রকাশের ধারা। আপ্তবাক্য নয়, শাস্ত্র নয়, চিরাচরিত নয়—সত্যের নিকষ আমার স্বকীয় বিচার-বিবেক-উপলব্ধি—এই ত আধুনিকের Higher criticism। অবশ্য রামমোহন নিজে শাস্ত্র মানতেন, তাঁর গুরু ছিল; কিন্তু সত্যের সাধনায় এ দিকটি ক্রমে আমরা নিষ্প্রয়োজন বলে পরিহার করেছি—সমস্ত জোর দিয়েছি যাকে মনে হয় এর সম্পূর্ণ বিপরীত দিক তার উপর।

ইউরোপেও আধুনিকতার উৎপত্তি ও ভিত্তি হল ব্যক্তিগত যুক্তি-তন্ত্রতা খৃষ্টীয় ধর্ম্ম সংস্কৃত ও আধুনিক হয়ে যেরূপ গ্রহণ করল, সেই প্রোটেষ্টাণ্ট ধর্ম্ম এই সূত্র ধরে জন্ম নিয়েছে। রামমোহনও যে নূতন হিন্দুধর্ম্মের প্রতিষ্ঠাতা হলেন তার উৎপত্তি এই একই তত্ত্ব হতে।

রামমোহন সর্ব্বত্র এনেছিলেন বিচার-পরায়ণতা, একটা প্রোজ্জ্বল মানসিক আলো। বলা যেতে পারে, এইটীই হল তাঁর বিশেষ দান। বিচার বিতর্ক—নৈয়ায়িকতা যে আমাদের ছিল না, তা নয়—অতিরিক্ত পরিমাণেই ছিল। কিন্তু তাতে আলোর চেয়ে বেশী ছিল যেন ধূম—অন্ততঃ শেষাশেষি এই রকম হয়ে পড়েছিল; অর্থাৎ তা ছিল কেবল কথার কসরৎ, বাক্য বিশ্লেষণ—টীকা টীপ্পনীর, ভাষ্যের ভাষ্য তস্য ভাষ্যের ব্যাপার। ইউরোপীয় মধ্যযুগেও এই পদ্ধতি চলিত ছিল—যাকে বলা হ'ত Scholasticism * জিনিষকে গতানুগতিক ছাদেঁ না দেখে নূতন চোখে দেখা—যেন এই সর্ব্বপ্রথম তার সাথে পরিচয় হতেছে এমনিভাবে বুঝা যাচাই করা, গ্রহণ বা বর্জ্জন করা—এ পথ দেখিয়েছেন রামমোহন। তাঁর সাথে চলে মনে হয় যেন এক ভোরের হাওয়া আমাদের মন প্রাণকে সজীব নবীন করে তুলেছে। এই নূতন চোখের দৃষ্টি গভীরতম উর্দ্ধতম বা সমৃদ্ধতম সত্যে নিয়ে যাক বা না যাক—সে মৃত্যু থেকে, জড়ত্ব থেকে নিয়ে এসেছে জীবনের মধ্যে সচলতার মধ্যে।

আধুনিক যুগে ও জগতে আমরা প্রবেশ লাভ করেছি ইউরোপের সংস্পর্শে এসে, আধুনিকতা অর্থই ইউরোপীয় ভাব অনুভব, ইউরোপীয়ানা—

* এই সম্পর্কে রামমোহন তাঁর কাজকে লর্ড বেকনের কাজের সাথে তুলনা দিয়েছেন। লর্ড বেকন মধ্যযুগের পণ্ডিতী বিদ্যার পরিবর্ত্তে প্রথম প্রবর্ত্তনা করলেন বৈজ্ঞানিক পদ্ধতি।

অনেক হিসাবে। এরই এক হিসাব হল প্রখর মানস আলো। ইউরোপের শক্তি ও বিশেষত্ব ঠিক এই ক্ষেত্রে। ভারতের শক্তি ও বৈশিষ্ট্য মানসাতীত অধ্যাত্মে; মন এখানে অধ্যাত্মের একান্ত অনুগত বশীভূত; পরম উৎকর্ষের যুগ ছাড়া ন্যূনাধিক পরিমাণ প্রায় সর্ব্বকালেই মন অধ্যাত্মের কাছে হয়েছে অবজ্ঞাত, নিপীড়িত বা বিলুপ্ত। ইউরোপ তার মধ্যযুগেও ধার্ম্মিকতার একচ্ছত্র রাজত্বের মধ্যেও অনেকখানি আশ্রয় করে চলেছে মানসশক্তির উপরে। St. Augustine, Abelard, Aquinas প্রভৃতির মধ্যে বিশুদ্ধ আধ্যাত্মিক উপলব্ধির অপেক্ষা বেশি দৃষ্টি আকর্ষণ করে তার আনুসঙ্গিক বা তাকে জড়িয়ে বা অভিভূত করে রেখেছে যে একটা মানস দীপ্তি। এমন কি আরও আগে খৃষ্টীয় চর্চ্চের একেবারে গোড়ার দিকে যদি নজর দেই তবে দেখি St. Paul এর মধ্যেও রয়েছে অনেকখানি ঐ এক ভাব। ইউরোপ তার আদিপুরুষ এথেন্স থেকে যে ধাত পেয়েছে তারই জের বরাবর টেনে চলেছে—খৃষ্টের প্রাচ্য প্রভাবের ভিতর দিয়েও।

রামমোহন এই রকমের ইউরোপ-সুলভ উজ্জ্বল মানস-আলো ফেলেছেন প্রথমে ধর্ম্মের, আধ্যাত্মিকতার ক্ষেত্রে। তার ফলে ধর্ম্ম, আধ্যাত্মিকতা পেয়েছে একটি বিশেষ রূপ—পেয়েছে তার মূলতম আদিতম সহজতম প্রকৃতি, সকল শাখা-প্রশাখা জাল-জঞ্জাল কেটে ছেঁটে দিয়ে সে দাঁড়িয়েছে তার বিশুদ্ধ স্বরূপ-গত সার পদার্থটি নিয়ে। ধর্ম্মজীবন আধ্যাত্মিক-সাধনা গঠিত নিয়ন্ত্রিত হতেছিল পুরাণের স্মৃতির পল্লবিত বিধি ব্যবস্থা অনুসারে। রামমোহন তাকে ফিরিয়ে নিয়ে গেলেন তার উৎস উপনিষদের কাছে—অধ্যাত্মেয় সাধনা ও সিদ্ধান্তে তিনি এনে দিলেন সূত্রের মন্ত্রের নিরাভরণতা, ঋজুতা, গাঢ় বন্ধ। (এখানে স্মরণ করা যেতে পারে ইউরোপের নবজন্ম ও রেণাসেন্সে ঘটেছিল এই রকম একটা প্রত্যাবর্ত্তন—খৃষ্টীয় চর্চ্চের স্মৃতিশাস্ত্র থেকে প্রাচীন গ্রীক লাতিন শ্রুতির মধ্যে।) অবশ্য যুগে যুগে ধর্ম্মের অধ্যাত্মের বাহ্য আড়ম্বর অনুষ্ঠান, পুষ্পিত রূপ ("পুষ্পিতাং বাচং"—গীতা) ছেদন বর্জ্জন শোধন প্রয়োজন হয়েছে। তাই বুদ্ধের আবির্ভাব; শঙ্করেরও সেই ব্রত। উপনিষদকে অনেকে বলেন প্রাচীনতর সংহিতার ক্রিয়াকাণ্ডের সংস্কার ও রূপান্তর। আর ইদানীন্তন কালে রামকৃষ্ণও অনুরূপ কাজ করে গিয়েছেন।

তবে এ সকল বিভূতিদের তুল্য অধ্যাত্ম-সম্পদ রামমোহনের হয়ত ছিল না; কিন্তু তাঁর বিশেষত্ব হল তাঁর বৃহত্তর সমৃদ্ধতর মানস-সত্তা যাকে আশ্রয় ক'রে তাঁর যতটুকু বা যতখানি আধ্যাত্মিক সিদ্ধি ছিল তা অধিকতর ব্যবহার-মুখী হয়ে প্রকাশ পেয়েছে। জীবনের ক্ষেত্রে তাঁর জ্ঞান ও শক্তি এমন ব্যাপক,

প্রবল ও সফল হয়ে উঠেছে—এই কারণে যদিও অন্যদিকে, বিশুদ্ধ আধ্যাত্মিক ক্ষেত্রে, হয়ত ভারত-প্রতিভার অনেকগুলি সূক্ষ্মতর সত্য ও তথ্য তাঁর মানস-বুদ্ধির প্রখর আলোতে ধরা পড়ে নাই। একেশ্বর, একদেব, একমেবাদ্বিতীয়ম্ সত্য—তাই ব'লে বহুদেব দেবী ("বহু স্যাম") যে অসত্য বা ইতর সত্য তা না হতে পারে। একই বস্তু যে যুগপৎ সাকার-নিরাকার সগুণ-নির্গুণ—তদেজতি তন্নৈজতি—মনের পক্ষে এ উপলব্ধি অসম্ভব, কারণ মনের প্রকৃতি এক সময়ে 'চোভয়নবধারণম্' ; কিন্তু মনের অতীত একটা আধ্যাত্মিক চেতন আছে যেখানে ও সত্যটি স্বতঃসিদ্ধ। সেই রকম যাকে পৌত্তলিকতা বলি তা নিরেট কুসংস্কার নাও হতে পারে। তারপর পরমপুরুষ শুধুই যে জ্ঞানগ্রাহ্য সৎ-ব্রহ্ম-শিবোঽহং—তা নয়, তিনিই আবার ভক্তিলভ্য আনন্দময় আনন্দরূপী বিষ্ণু। ভগবান ভগবান, মানুষ নহেন ; অথচ মানুষীতনুও তিনি গ্রহণ করে থাকেন। এ সব রহস্য যুক্তিমুখী মানসের অগোচর—কিন্তু মায়া মতিভ্রম নয়।

সে যা হোক, রামমোহন যুগাবতার—যুগের জন্য যা প্রয়োজন তাই তিনি ছিলেন ও এনেছিলেন। একদিকে অনুষ্ঠানিক ধার্ম্মিকতার প্রাণহীনতা, শুষ্ক নিরর্থকতা দূর করে স্থাপন করলেন সত্যকার সরস আন্তরিকতা ; অন্যদিকে আবার ভক্তির নামে যে অসংযত চিত্তাবেগের উৎক্ষেপ, যে স্নায়বিক দুর্ব্বলতা সারা দেশকে অভিভূত করে ফেলেছিল তার প্রতিকারের জন্য আনলেন তিনি সমর্থ সুস্থির বুদ্ধিনিয়ত পুরুষালী প্রাণ। অধ্যাত্মের সূক্ষ্ম গুহ্য অনেক সব রহস্য আছে বটে, চেতনার অনেক অলৌকিক অচিন্তনীয় আয়তন সব আছে—কিন্তু সে সকল সর্ব্বসাধারণের জন্য নয় ; সকলের জন্য যে অধ্যাত্ম-সাধনা যে ধর্ম্ম তা হবে স্পষ্ট সহজ দ্ব্যর্থকতা-বর্জ্জিত, যার অল্পেতেই বিকৃতি ঘটে না অথচ যা সুগভীর বিশুদ্ধ সমর্থ—the rock of ages. উপনিষদ এই রকম rock of ages এবং রামমোহন নবীন ভারতকে এই আসনে দৃঢ়প্রতিষ্ঠ করতে চেয়েছিলেন। ভিত যে আরও গভীর হতে পারে, মূল আরও অতীতে দূর প্রসারিত, বেদান্তকে ধরে রয়েছে যে বেদ, তার রহস্য আর এক রকম। ঔপনিষদ বা বৈদান্তিক ব্রহ্মবাদরূপ আধ্যাত্মিকতাকে স্বীকার করা, গ্রহণ করা যুক্তিমুখী বুদ্ধির পক্ষে তত কঠিন নয়—কঠিন হল বৈদিক সংহিতোক্ত আধ্যাত্মিকতা হৃদয়ঙ্গম করা ; বুদ্ধির কাছে এটি উচ্ছৃঙ্খল কল্পনা, অপরিণত মনের কাব্যবিলাস মাত্র। তবে রামমোহনের কালে অধ্যাত্মের এই উত্তম রহস্য প্রকাশ পাওয়ার সময় হয় নাই ; তখন প্রয়োজন ছিল নবজীবন গড়বার জন্য অধ্যাত্মের আদি ও প্রথম স্বতঃসিদ্ধ কয়টি—সেই গুঠিকতক সূত্র যা স্পষ্ট সহজ অবিসম্বাদী অপরিহার্য্য।

ঔপনিষদ চেতনা নিয়ে, একটি নিভৃত অটল অব্যভিচারী অধ্যাত্ম-প্রজ্ঞাকে, ব্রাহ্মীস্থিতিকে আশ্রয় করে, ফিরে আবার ঐহিক আয়তনকে, সমগ্র জীবনকে অক্ষুণ্ণ রেখে ঢেলে গড়া মানুষকে তার অঙ্গবিশেষ ধরে নয়, কিন্তু পূর্ণ অখণ্ড মানুষটিকে—তার অন্তর বাহির অধিভূত আধ্যাত্মিক উভয়তঃ নিয়ে—আর মানুষকে কেবল ব্যষ্টি হিসেবে নয়, সমষ্টি বা সমাজ হিসাবেও সমুন্নত সমৃদ্ধ করে তোলা—এই ছিল রামমোহনের লক্ষ্য ও ব্রত। আর এই হ'ল আধুনিকতার মর্ম্ম-কথা বেদান্ত ও তন্ত্র তাঁর মধ্যে সম্মিলিত হয়েছিল। অবশ্য কর্ম্মযোগের আদর্শ ভারতে অপরিচিত কি অপ্রচলিত নয়। কিন্তু সে কর্ম্মযোগ মুখ্যতঃ ছিল কর্ম্ম-ক্ষয়। কর্ম্মের যে নিজস্ব সার্থকতা—পরমার্থতাই আছে, সে তত্ত্ব যদি থেকে থাকে, তবে ছিল অব্যবহার্য্য হয়ে—নিহিতং গুহায়াং কর্ম্মের জীবনের মহিমা আমরা ভুলে গিয়েছিলাম ; তাকে করতাম তুচ্ছ ঘৃণা আর তার সঙ্কীর্ণ বাহ্য স্থূল হেয় গতিবিধিকে সর্ব্বেসর্ব্বা করে তুলে তারই মধ্যে মগ্ন হয়ে থাকতাম—যতদিন না সে সব একেবারে খসে গিয়ে আমাদের নৈষ্কর্ম্ম্য বা কৈবল্য লাভ হত। জীবনের মূল্য আবিষ্কার, জীবনকে সমৃদ্ধ পূর্ণাঙ্গ উন্নীত উর্দ্ধায়িত করে তোলবার প্রযত্ন আমাদের এসেছে ইউরোপের সংস্পর্শ হতে, এবং এই সংস্পর্শ আমরা বিশেষভাবে পেয়েছি রামমোহনের মধ্য-বর্ত্তিতায়। তবে রামমোহনের কৃতিত্ব—পরবর্ত্তী এক যুগের মহাপুরুষেরা যা পারেন নাই—তিনি সর্ব্বদা ধরে ছিলেন the one thing needfulকে, মার্থার মত যদিও তিনি বহুল জিনিষের মধ্যেই আপনাকে ছড়িয়ে দিয়েছিলেন। ইউরোপ জীবনের মর্য্যাদা দিয়েছে একটা ঐহিক লোকায়ত প্রাকৃত দৃষ্টি দিয়ে—রামমোহন কখন ভুলে যান নাই ভারতের উপনিষদ জ্ঞান যে জীবন প্রিয় জীবনেরই জন্য নয় কিন্তু জীবনের মধ্যে রয়েছে যে আত্মা তার জন্য জীবনের সত্যকার ঋদ্ধি পরিপুষ্ট ঐ আত্মার সত্যকে আশ্রয় করে। ইউরোপীয় শিক্ষা, ইউরোপীয় বিজ্ঞান রামমোহনই চেয়েছিলেন সর্ব্বপ্রথম। কিন্তু ভারতের দীক্ষাকে, উপনিষদ প্রজ্ঞাকে ভুলে নয়।

রামমোহন যেন ছিলেন আমাদের দেশের, আমাদের জাতীয় সংস্কৃতির এক কেন্দ্র বা নাভি বা হৃদ্দেশ—যেখানে জীবন গতির যাবতীয় সূত্র সম্মিলিত একত্রিত আর সেখান থেকেই তারা নিঃসৃত ও বিস্তারিত। তাই দেখি গোষ্ঠী-বদ্ধ মানুষের যে প্রধান কর্ম্মক্ষেত্র কয়টি তার ধর্ম্ম তার সমাজ, তার শিক্ষা-সাহিত্য এবং তার রাষ্ট্রনীতি ও অর্থনীতি সব নিয়ে এক পূর্ণাঙ্গ সাধনার ব্যবস্থা তিনি দিয়েছিলেন এবং তার প্রত্যেকটিতে নবসৃষ্টির সূত্রপাত করে গিয়েছেন।

রামমোহন এক বৃহৎ সমন্বয়ের চেতনা। সাধারণতঃ বাঙ্গালী-প্রকৃতি দেখি আবেগময় এক রোখা—বহুবৃত্তিকে ভিন্নমুখীভাবকে বহন করতে গিয়ে সে তার ভারকেন্দ্র হরিয়ে ফেলে; এর ফলে বাঙ্গালী তার কর্ম্মে সৃষ্টিতে যে অনুপাতে পেয়েছে তীব্রতা, "লিরিকের" (liric) একমুখীনতা, সে অনুপাতে পায় নাই প্রসারতা, স্থাপত্যের বিরাট বিচিত্র সঙ্গতি। রামমোহনে দেখি রয়েছে শান্ত স্থৈর্য্য, ধারণ-সামর্থ্য, স্নায়ব দার্ঢ্য—চেতনার বহুল অঙ্গে ভাব-সাম্য, বিভিন্ন বৃত্তির সহজ সামঞ্জস্য, তাঁর ছিল স্থিতধীর প্রকৃতি।

রামমোহনের রাজা পদবী আমি বহাল রেখেছি। তাঁর চেতনায় তাঁর কর্ম্মে ছিল রাজোচিত মহত্ব ও ঐশ্বর্য্য। আর সাধারণতঃ আমরা দেখি যেমন দেশের রাজাকে ঘিরে, রাজশক্তির প্রভাবেই দেশের ঐক্য ও সমৃদ্ধি গড়ে উঠে, তেমনি আধুনিক বঙ্গের ভারতের অবধি—এক অভিনব একত্ব ও আত্ম-বিকাশের বনিয়াদ, এক অভূতপূর্ব্ব সিদ্ধির সম্ভাবনাপত্তন করে গিয়েছেন রাজা রামমোহন।

রাজা রামমোহন

শ্রীমৈত্রেয়ী দেবী—আশুতোষ কলেজ।

এই মোহাচ্ছন্ন দেশে একদিন যবে
সব আলো গেল নিভে, ঘোর কলরবে
পশ্চিম সমুদ্র হতে ঘন ঊর্ম্মিরাশি
আসে কলধ্বনি করি সব নিতে গ্রাসি।
তীর বুঝি গেল ভেসে চূর্ণ গৃহ-দ্বার
তরী পরে নাহি মেলে কোনও কর্ণধার।
সম্মুখের আলো দেখি যবে আপনার
অন্ধমনে হয়েছিল নূতন নেশায়।
পিছে যাহা আছে তাহা মনে করি মিছে
বিদেশীর হাতে যবে সমস্ত সঁপিছে।

তুমি এলে নবরূপে অন্ধকার রাতে
যে কথা ভুলেছে সবে সে কথা শোনাতে
একদিন এই দেশে, যে উদাত্ত স্বর—
উঠেছিল যে বারতা, ভেদিয়া অম্বর
সেই ধ্বনি থেমে গিয়ে সেই আলো যবে
সহসা নিভিয়া গেল, তখনো গৌরবে
তুমি দীপ লয়ে এলে ঘন রজনীতে
অতি ক্ষীণ শিখা মাঝে নব আলো দিতে।
বিধবার অশ্রুজলে চিতার আগুনে
উঠেছিল যে ক্রন্দন তুমি তাই শুনে
স্নেহসিক্ত হস্ত দিয়া সেই আঁখি জল
নিমেষে মুছায়েছিলে। বেদনা আগুন
শান্ত হল স্পর্শে তব। ঘন অন্ধকার
ক্রমে দীপ্ত হয়ে ওঠে আলোতে তোমার।
মোহাচ্ছন্ন দেশে যবে অন্ধতার ধূলি
শ্বাস রুদ্ধ করে আনে, সব ধর্ম্ম ভুলি
অতি ক্ষুদ্র অতি তুচ্ছ আচারে বিচারে
প্রাচীরের অন্তরালে নিশার আঁধারে
মানুষে মানুষে যত ভেদ তোলে গড়ে
দৃষ্টি আসে ক্ষীণ হয়ে, অন্তরে অন্তরে
নাহি বাজে কোনও স্পর্শ, দীন চিত্ত হায়
বিশ্ব সভা মাঝে কোনও স্থান নাহি পায়।
তুমি তবে প্রতি কার্য্যে নব দীপ্তি আনি
নিমেষে ফেলিলে মুছে পশ্চাতের গ্লানি
চিরন্তন রূপ লয়ে পুরাণো ভারত
তোমা মাঝে প্রকাশিতে পেয়েছিল পথ।
ক্ষুদ্রতার বর্ম্ম ভেদি নব ধর্ম্ম দিয়া
পশ্চাতের অন্ধকার ফেলিলে ভেদিয়া
মোহ মুক্ত কণ্ঠে তব, হৃদয়ে উদার
উদ্ভাসিল ভারতের যাহা আপনার।

लाल बहादुर शास्त्री राष्ट्रीय प्रशासन अकादमी, पुस्तकालय
Lal Bahadur Shastri National Academy of Administration Library
मसूरी
MUSSOORIE
101976

यह पुस्तक निम्नांकित तारीख तक वापिस करनी है।
This book is to be returned on the date last stamped.

दिनाँक Date	उधारकर्त्ता की संख्या Borrower's No.	दिनांक Date	उधारकर्ता की संख्या Borrower's No.

GL 294.5562
STU

101976

294.5562
Stu

101976

अवाप्ति संख्या
Acc No. [illegible]

वर्ग संख्या
Class No. _____

पुस्तक संख्या
Book No. _____

लेखक
Author _____

शीर्षक
Title The Sri Ramakrishna Math Golden centenary volume.

294.5562
Stu

101976

LIBRARY
LAL BAHADUR SHASTRI
National Academy of Administration
MUSSOORIE

Accession No. [illegible]

1. Books are issued for 15 days only but may have to be recalled earlier if urgently required.
2. An over-due charge of 25 Paise per day per volume will be charged.
3. Books may be renewed on request, at the discretion of the Librarian.
4. Periodicals, Rare and Refrence books may not be issued and may be consulted only in the Library.
5. Books lost, defaced or injured in any way shall have to be replaced or its double price shall be paid by the borrower.

Help to keep this book fresh, clean & moving